গ শেষের কবিতা ঘ মানসী **ক**

২৩. **শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কত সালে মৃত্যুবরণ করেন?** ★★

ক ১৯২০ সালে খ ১৯৩৬ সালে
গ ১৯৩৮ সালে ঘ ১৯৪০ সালে **গ**

২৪. **'অভাগীর স্বর্গ' গল্পে বর্ণিত ঠাকুরদাস মখুয্যের কয় ছেলে?** [খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

PARTHIB BOOKS

ক এক ছেলে　খ দুই ছেলে
গ তিন ছেলে　ঘ চার ছেলে　**ঘ**

**২৫. 'অভাগীর স্বর্গ' গল্পে বৃদ্ধ মুখোপাধ্যায় মহাশয় কিসের কারবার করে সম্পদশালী হয়েছেন?** [রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক ধানের কারবার　খ পাটের কারবার
গ সবজির কারবার　ঘ গমের কারবার　**ক**

**২৬. ঠাকুরদাস মুখুয্যের স্ত্রীর মৃত্যুর পর বাড়িতে উৎসবের পরিবেশ তৈরি হলো কেন?**
ক এই মৃত্যুতে সবাই খুশি হয়েছিল বলে
খ অনেক লোকের সমাগম হওয়ায়
গ মৃত ব্যক্তি খারাপ লোক ছিল বলে
ঘ মৃত্যুশোক শক্তিতে পরিণত হয়েছিল বলে　**খ**

**২৭. শ্মশানঘাটে চিতার ওপর শব স্থাপন করা হলে কী দেখে কাঙালীর মায়ের চোখ জুড়িয়ে গেল?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর] ★★★
ক আলতারাঙা পা দেখে　খ চিতার ব্যাপ্তি দেখে
গ চিতার সৌন্দর্য দেখে　ঘ পুরোহিতের মন্ত্রপাঠ দেখে　**ক**

**২৮. অভাগী মৃত্যুর পর কার হাতের আগুন পাওয়ার আকাঙ্ক্ষা করে?** ★★★
ক রসিক বাঘের　খ কাঙালীর
গ অধরের　ঘ ঠাকুরদাস মুখুয্যের　**খ**

**২৯. কাঙালীর মা চিতার ধোঁয়ার মধ্যে কী দেখতে পেল?** ★★★
ক শিবের ধনুক　খ ছোট একটা রথ
গ স্বর্গের ছায়া　ঘ প্রকাণ্ড এক দেবদূত　**খ**

**৩০. কাঙালী সবেমাত্র কিসের কাজ শিখতে আরম্ভ করেছে?** ★★★
ক চাষবাসের কাজ　খ মাছ ধরার কাজ
গ বেতের কাজ　ঘ মৃৎশিল্পের কাজ　**গ**

**৩১. কাঙালী বহুকাল যাবৎ মায়ের কোল ছেড়ে বাইরের সঙ্গী–সাথিদের সাথে মেশার সুযোগ পায়নি কেন?** ★★
ক মায়ের নিষেধ থাকায়
খ ছোট জাতের ছেলে হওয়ায়
গ শারীরিকভাবে রুগ্‌ণ থাকায়
ঘ সমাজে একঘরে হওয়ায়　**গ**

**৩২. কাঙালী শিশুকাল থেকে কাকে বিশ্বাস করতে শিখেছে?** ★★★
ক রসিক বাঘকে　খ অভাগীকে

PARTHIB BOOKS

ⓖ বামুন মাকে ⓖ নাপতে–বৌদিকে **খ**

৩৩. **অভাগী ছেলেকে রূপকথার গল্প বলতে গিয়ে কিসের গল্প শুরু করে?** ★★★

ⓚ নিজের ছোটবেলার কথা

ⓚ কাঙালীর বাবার কথা

ⓖ শ্মশান ও শ্মশানযাত্রার কাহিনি

ⓖ দুলে সম্প্রদায়ের কাহিনি **গ**

৩৪. **অভাগী শ্মশানঘাটে দেখা আকাশজোড়া ধোঁয়াকে কী মনে করে?** ★★★

ⓚ নরকের আগুন ⓚ যমদূত

ⓖ স্বর্গের রথ ⓖ স্বর্গের বৃক্ষ **গ**

৩৫. **অভাগী মৃত্যুর পর কার হাতের আগুনের প্রত্যাশী?** ★★★

ⓚ রসিক বাঘের ⓚ জমিদারের

ⓖ ঠাকুরদাস মুখুয্যের ⓖ কাঙালীর **ঘ**

৩৬. **অভাগী মৃত্যুর সময় তার স্বামীকে ডেকে আনার কথা বলেছে কেন?** ★★★

ⓚ পায়ের ধুলা নেওয়ার জন্য

ⓚ কাঙালীর ভরণপোষণের জন্য

ⓖ বিচার করার জন্য

ⓖ সৎকার করার জন্য **ক**

৩৭. **কাঙালী ঘটি বাঁধা দিয়ে কী করল?** ★★★

ⓚ মায়ের জন্য খাবার কিনল

ⓚ কবিরাজকে প্রণামী দিল

ⓖ মৃতদেহ সৎকারের কাঠ কিনল

ⓖ জমিদারকে খাজনা দিল **খ**

৩৮. **কাঙালী ভালো করে ভাত রাঁধতে পারল না কেন?** ★★★

ⓚ চুলায় আগুন না থাকায় ⓚ মায়ের মৃত্যু শোকে

ⓖ রান্না না জানার কারণে ⓖ অতিরিক্ত ধোঁয়ার কারণে **গ**

৩৯. **বাবাকে ডেকে ফেরার পথে কাঙালীকে তার মা কী আনতে বলেছিল?** ★★

ⓚ ওষুধ ⓚ চাল–ডাল

ⓖ আলতা ⓖ সিঁদুর **গ**

৪০. **অভাগী কাঙালীকে কোথা থেকে আলতা আনার কথা বলেছে?** ★★★

ⓚ বাজার থেকে

ⓚ মুখুয্যেবাড়ি থেকে

ⓖ রসিক বাঘের কাছ থেকে

PARTHIB BOOKS

ⓖ নাপতে–বৌদির কাছ থেকে ঘ

৪১. **রসিক দুলে কাঙালীর ডাকে বাড়িতে এসে অভাগীকে কী অবস্থায় পেল?** ★

ⓚ সুস্থ–সবল ⓚ মৃত

ⓖ মুমূর্ষু ⓖ হাস্যোজ্জ্বল গ

৪২. **অভাগীর শয্যাপাশে রসিক দুলেকে কে পায়ের ধুলো দিতে বলল?** ★★

ক কাঙালী খ ঠাকুরদাস মুখুয্যে

গ রাখালের মা ঘ বিন্দির পিসি ঘ

৪৩. **রসিক দুলে অভাগীকে পায়ের ধুলো দিতে গিয়ে কেঁদে ফেলল কেন?** ★★

ক অনুশোচনার কারণে

খ দীর্ঘদিন পর বাড়ি ফেরায়

গ নিজের গুরুত্ব বোঝার আনন্দে

ঘ শাস্তি পাওয়ার কথা ভেবে ক

৪৪. **"এমন সতীলক্ষ্মী বামুন–কায়েতের ঘরে না জন্মে, ও আমাদের দুলের ঘরে জন্মালে কেন।" 'অভাগীর স্বর্গ' গল্পে কথাটি কে বলেছে?** ★★★

ক রসিক দুলে খ বিন্দির পিসি

গ রাখালের মা ঘ নাপতে–বৌদি গ

৪৫. **'অভাগীর স্বর্গ' গল্পে কোথায় একটা বেলগাছ থাকার কথা উল্লেখ রয়েছে?**

ক মুখুয্যেবাড়িতে খ অভাগীর কুটির প্রাঙ্গণে

গ জমিদারবাড়ির উঠানে ঘ বিন্দির পিসির বাড়ি খ

৪৬. **অভাগীর সৎকারের জন্য কে কুড়াল চেয়ে এনে বেলগাছ কাটতে গেল?** ★★

ক কাঙালী খ জমিদারের দারোয়ান

গ ঠাকুরদাস ঘ রসিক দুলে ঘ

৪৭. **জমিদারের দারোয়ান রসিক দুলের গালে সশব্দে চড় মারল কেন?** ★★★

ক খাজনা না দেওয়ায়

খ অভাগীকে পায়ের ধুলো দেওয়ায়

গ অনুমতি ছাড়া বেলগাছ কাটতে যাওয়ায়

ঘ ছোট জাতের মানুষ হওয়ায় গ

৪৮. **কাঙালীদের কুটির প্রাঙ্গণের বেলগাছটি কে পুঁতেছে?** ★★★

ক অভাগী খ রসিক দুলে

গ কাঙালী ঘ জমিদার ক

৪৯. **হিন্দুস্তানি দারোয়ান কাঙালীকে মারতে গিয়েও মারল না কেন?** ★★★

ক রসিক দুলের ভয়ে খ কাঙালী ছোট হওয়ায়

PERTHIB BOOKS

ⓖ অশৌচের ভয়ে ⓓ জমিদারের নিষেধে **গ**

৫০. **কাঙালীদের গ্রামে জমিদারের কাছারির কর্তা কে?** ★★★
ⓚ ঠাকুরদাস মুখুয্যে ⓚ অধর রায়
ⓖ ভট্টাচার্য মহাশয় ⓓ মুখোপাধ্যায় মহাশয় **খ**

৫১. **সকলে দারোয়ানের কাছে অনুনয় বিনয় করার সময় কাঙালী ঊর্ধ্বশ্বাসে দৌড়ে কোথায় যায়?** ★★★
ⓚ কাছারিবাড়িতে ⓚ মুখুয্যেবাড়িতে
ⓖ জমিদারবাড়িতে ⓓ শ্মশানঘাটে **ক**

৫২. **কাছারিবাড়িতে কাঙালী গোমস্তার কাছে মা মরার কথা বলতে গিয়ে কেঁদে ফেললে গোমস্তা কী করেন?** ★★★
ⓚ কাঙালীকে ধমক দেন
ⓚ কাঙালীকে সান্তনা দেন
ⓖ কাঙালীর ওপর বিরক্ত হন
ⓓ কাঙালীকে গলাধাক্কা দেন **গ**

৫৩. **কাঙালী মায়ের সৎকারের জন্য কাঠ চাইতে গেলে জমিদারের গোমস্তা তাকে কয় টাকা আনতে বলে?** ★★★
ⓚ দুই টাকা ⓚ তিন টাকা
ⓖ চার টাকা ⓓ পাঁচ টাকা **ঘ**

৫৪. **কাঙালী কাঠের জন্য টাকা আনতে অপারগতা প্রকাশ করলে অধর রায় অভাগীর লাশ কী করতে বলে?** ★★★
ⓚ নদীতে ভাসিয়ে দিতে বলে
ⓚ নদীর চড়ায় পুঁতে ফেলতে বলে
ⓖ খড়কুটা দিয়ে পোড়াতে বলে
ⓓ দূরের জঙ্গালে ফেলে আসতে বলে **খ**

৫৫. **কাঙালী মুখুয্যে বাড়িতে গিয়ে কী চায়?** ★★★
ⓚ টাকা–পয়সা ⓚ দুমুঠো খাবার
ⓖ সৎকারের কাঠ ⓓ আলতা–চন্দন **গ**

৫৬. **কোথায় গর্ত খুঁড়ে অভাগীকে অন্তিমশয্যায় শোয়ানো হলো?** ★★★
ⓚ বাড়ির পাশের বাগানে ⓚ নদীর চরে
ⓖ পুকুরঘাটে ⓓ শ্মশানঘাটে **খ**

৫৭. **অভাগীর মুখাগ্নি করার জন্য কাঙালীর হাতে খড়ের আঁটি জ্বেলে দিল কে?** ★
ⓚ রসিক দুলে ⓚ বিন্দির পিসি

PARTHIB BOOKS

(গ) রাখালের মা (ঘ) পুরোহিত মশাই **গ**

**৫৮. 'অভাগীর স্বর্গ' গল্পে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় প্রধানত সমাজের কোন দিকটি তুলে ধরেছেন?** ★★★

(ক) সাম্রাজ্যবাদের নির্মম রূপ

(খ) হিন্দুদের আনন্দ উৎসব

(গ) দরিদ্রদের প্রতি ধনীদের সহমর্মিতা

(ঘ) সাংস্কৃতিক ঐতিহ্য **ক**

**৫৯. ঠাকুরদাস মুখুয্যের কতটি ছেলেমেয়ে?** ★★★

(ক) ৫টি (খ) ৬টি

(গ) ৭টি (ঘ) ১০টি **গ**

**৬০. অভাগী গোটা কয়েক বেগুন তুলে কোথায় রওনা হয়েছিল?** ★★★

(ক) শ্মশানে (খ) হাটে

(গ) বাড়িতে (ঘ) নদীর ঘাটে **খ**

**৬১. শ্মশানঘাটে মুখুয্যে গিন্নির আলতারাঙা পা দেখে অভাগীর কী ইচ্ছে হলো?**

(ক) একবিন্দু আলতা মাথায় দিতে

(খ) নিজের পায়ে আলতা লাগাতে

(গ) নদীর পানিতে পা ধুতে

(ঘ) ছেলের হাতের আগুন পেতে **ক**

**৬২. মুখুয্যেবাড়ির বধূরা আঁচল দিয়ে শাশুড়ির পা থেকে কী মুছে নিল?** ★★★

(ক) পদধূলি (খ) আলতা

(গ) চন্দন (ঘ) নেইল পলিশ **ক**

**৬৩. মুখুয্যেগিন্নির সৌভাগ্য দেখে অভাগীর কী ইচ্ছা হলো?** ★★★

(ক) অল্প বয়সে মৃত্যুবরণ করার

(খ) ছেলের হাতের আগুন পাওয়ার

(গ) অনেক বিত্তের মালিক হওয়ার

(ঘ) স্বামীকে ফিরে পাওয়ার **খ**

**৬৪. 'চোখে ধোঁ লেগেছে বৈ ত নয়' – এখানে 'ধোঁ' বলতে কী বোঝানো হয়েছে?**

(ক) ধাঁধা (খ) ধোঁয়া

(গ) মরিচ (ঘ) আলো **খ**

**৬৫. শ্মশান থেকে ফেরার পথে অভাগী ও কাঙালী কী করল?** ★★★

(ক) বাজারে বেগুন বিক্রি করল (খ) কবিরাজের বাড়ি গেল

(গ) নদীতে গোসল করল (ঘ) আলতা সংগ্রহ করল **গ**

PARTHIB BOOKS

৬৬. **“তাহাদের সমস্ত জীবনটা তাহাদের নিজের নামগুলোকেই যেন আমরণ ভ্যাঙচাইয়া চলিতে থাকে”– বাক্যটির সাথে কোন নামটি সামঞ্জস্যপূর্ণ?** ★★

ক রসিক খ অভাগী

গ অধর ঘ ঠাকুরদাস **খ**

৬৭. **অভাগী কল্পনায় কী দেখল?** ★★★

ক সুখের সংসার খ কাঙালীর সুখী জীবন

গ বামুন মায়ের স্বর্গযাত্রা ঘ স্বামীর শেষকৃত্য **গ**

৬৮. **কাঙালী মায়ের জন্য বড়ি আনলে অভাগী কী করল?** ★★★

ক চুপচাপ খেয়ে নিল খ এককোণে রেখে দিল

গ ফিরিয়ে দিতে বলল ঘ উনুনে ফেলে দিল **ঘ**

৬৯. **“ও যে রে – ও–গাঁয়ে উঠে গেছে–”– এখানে কার কথা বলা হয়েছে?** ★

ক রসিক দুলের খ অধরের

গ বিন্দির পিসির ঘ ঈশ্বর নাপিতের **ক**

৭০. **কোন বিষয়ে অভাগীর সন্দেহ ছিল?** ★★★

ক তাকে দেখতে কবিরাজের আসার বিষয়ে

খ তাকে দেখতে স্বামীর আসার বিষয়ে

গ নাপতে–বৌদির আলতা দেওয়ার বিষয়ে

ঘ ঈশ্বর নাপিতের রোগ নির্ণয়ের বিষয়ে **খ**

৭১. **সকলের মধ্যে বয়সে বড় বোঝাতে কোন শব্দটি ব্যবহার করা যায়?** ★★★

ক মুখুয্যে খ সগ্য

গ বর্ষীয়সী ঘ বৃদ্ধ **গ**

৭২. **ভোজনের পর পাতে যা পড়ে থাকে তাকে কী বলে?** ★★★

ক সগ্য খ প্রণামী

গ অশন ঘ ভুক্তাবশেষ **ঘ**

৭৩. **‘মুষ্টিযোগ’ শব্দের অর্থ কী?** ★★★

ক অর্থ সাহায্য খ ভিক্ষা

গ টোটকা চিকিৎসা ঘ আহারের বস্তু **গ**

৭৪. **‘অভাগীর স্বর্গ’ গল্পের কোন শব্দটি দ্বারা গল্পের মাধ্যমে মোহিত করে রাখার ক্ষমতা বোঝানো হয়েছে?** ★★★

ক রোমাঞ্চ খ সঞ্জাতিপন্ন

গ মুষ্টিযোগ ঘ ইন্দ্রজাল **ঘ**

৭৫. **‘শশব্যস্ত’ শব্দটির সাথে কোন প্রাণীটির যোগসূত্র আছে?**

PARTHIB BOOKS

ⓚ ঘোড়া ⓚ খরগোশ
ⓖ বানর ⓖ কচ্ছপ ⓚ খ

৭৬. হিন্দুধর্মাবলম্বীরা মৃতদেহ বহন করার সময় সমবেত কণ্ঠে উচ্চস্বরে কোন দেবতার নাম উচ্চারণ করে? ★★★

ক শিব খ রাম
গ হরি ঘ ইন্দ্র **গ**

৭৭. 'সান্ধ্যাহ্নিক' কী? ★★★

ক এক ধরনের খাবার খ এক ধরনের পূজা
গ এক ধরনের ওষুধ ঘ এক ধরনের চিকিৎসা **খ**

৭৮. 'অশন' শব্দের অর্থ? ★★★

ক পোশাক খ খাদ্যদ্রব্য
গ বিদ্যা ঘ জল **খ**

৭৯. 'দুলে' সম্প্রদায়ের লোকদের মূল পেশা কী? ★★★

ক মাছ ধরা খ পালকি বহন করা
গ কৃষিকাজ করা ঘ নৌকা বাওয়া **খ**

৮০. 'অভাগীর স্বর্গ' গল্পে ঠাকুরদাস মুখুয্যের স্ত্রীর মৃত্যুর পর বাড়িতে উৎসবের মতো পরিবেশ সৃষ্টি হয়েছিল— ★★

i. ছেলেপুলে ও নাতিপুতিদের আগমনে
ii. সমস্ত গ্রামের লোক ভিড় করায়
iii. ধুমধামের সাথে শবযাত্রা হওয়ায়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৮১. সকলের পেছন পেছন অভাগী শ্মশানঘাটে এসে উপস্থিত হয়েছিল— ★★

i. গ্রামের অন্যদের মতো শবযাত্রা অনুসরণ করে
ii. লাশের সৎকার দৃশ্য দেখার জন্য
iii. নিজের চোখে বামুন ঠাকরুণের স্বর্গযাত্রা দেখতে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৮২. 'অভাগীর স্বর্গ' গল্পে মানুষের প্রতি অন্যায়–অবিচার করেছে— ★★★

i. রসিক দুলে

PARTHIB BOOKS

ii. অধর রায়
iii. ঠাকুরদাস মুখুয্যে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii ক

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও।**
প্রতিদিনের মতো বিশ্ববিদ্যালয়ে যাওয়ার পথে সদ্য মাতৃবিয়োগ হওয়া এক কিশোর রুমেলের সামনে দাঁড়ায়। ছেলেটি তার কাছে মায়ের দাফন-কাফনের জন্য কিছু সাহায্য চায়। রুমেল ছেলেটির হৃদয়াবেগ অনুভব করে এবং মানিব্যাগ হাতড়ে সাধ্যমতো সহযোগিতা করে।

**৮৩. উদ্দীপকে রুমেলের দেখা কিশোরের মাঝে 'অভাগীর স্বর্গ' গল্পের কোন চরিত্রের প্রতিফলন ঘটেছে?**
ক অধর রায় খ রসিক দুলে
গ অভাগী ঘ কাঙালী ঘ

**৮৪. উদ্দীপকের রুমেলের চরিত্রটি 'অভাগীর স্বর্গ' গল্পের যে দিকটি ধারণ করে–**
i. সামন্তবাদী চরিত্রের বিপরীত রূপ
ii. অধর রায়ের চারিত্রিক দিক
iii. 'অভাগীর স্বর্গ' গল্পের শিক্ষার দিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii খ

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** গফুর লজ্জিত হইয়া বলিল, বাপ বেটিতে দু বেলা দুটো-পেটভরে খেতে পর্যন্ত পাইনে। ঘরের পানে চেয়ে দেখ, বিষ্টি বাদলে মেয়েটিকে নিয়ে কোণে বসে রাত কাটাই, পা ছড়িয়ে শোবার ঠাঁই মেলে না। মহেশকে একটিবার তাকিয়ে দেখ, পাঁজরা গোনা যাচ্ছে। দাও না ঠাকুর মশাই কাহন-দুই ধার, গরুটাকে দু'দিন পেটপুরে খেতে দিই। বলিতে বলিতেই গফুর ধপ করিয়া ব্রাহ্মণের পায়ের কাছে বসিয়া পড়িল। তর্করত্ন কহিলেন, "আ মর্, ছুয়ে ফেলবি না কি?' [রাজশাহী বোর্ড ২০১৭] ★★★
ক. গ্রামে নাড়ি দেখতে জানত কে?
খ. 'রসিক হতবুদ্ধির মতো দাঁড়াইয়া রহিল' – কেন?

PARTHIB BOOKS

গ. উদ্দীপকের গফুর চরিত্রটি কোন দিক দিয়ে 'অভাগীর স্বর্গ' গল্পের কাঙালী চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের তর্করত্ন কি 'অভাগীর স্বর্গ'' গল্পের অধর রায়ের সার্থক প্রতিনিধি? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ২** সাপ ধরার মন্ত্র শিখে মৃত্যুঞ্জয় মস্তবড় সাপুড়ে হয়ে উঠল। একদিন সাপ ধরতে গেলে বিষধর সাপের দংশনে সে আহত হয়। তার শ্বশুরের দেওয়া সব তাবিজ-কবচ তার হাতে বেঁধে দেওয়া হলো আর সেই সাথে বহুসংখ্যক ওঝা মিলে বহু দেব-দেবীর দোহাই এবং ঝাড়ফুঁক করেও তাকে বাঁচাতে পারল না। [সকল বোর্ড ২০১৮] ★★★

ক. গ্রামে কে নাড়ী দেখতে জানত?

খ. 'মা মরেছে ত যা নিচে নেবে দাঁড়া'– অধর রায়ের এরূপ উক্তির কারণ কী?

গ. উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের যে বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের একটি বিশেষ দিকের প্রতিফলন ঘটলেও গল্পের মূল বিষয়টি অনুপস্থিত।" মন্তব্যটির যথার্থতা বিচার করো।

**প্রশ্ন ৩** নন্দীপুর এলাকার চেয়ারম্যান মানিক সরকার। সম্প্রতি তার বাবার মৃত্যুর পর কুলখানিতে দশ গ্রামের মানুষকে দাওয়াত করে খাওয়ালেন। সবাই প্রাণভরে দোয়া করে গেল। কদিন পরেই মারা গেলেন ঐ এলাকার দরিদ্র বর্গাচাষী হরিপদ বিশ্বাস। বাবার মৃত্যুশোক এবং সৎকারের চিন্তায় তার একমাত্র মেয়ে দীপালি কান্নায় ভেঙে পড়ল। পিতৃহারা অসহায় কিশোরীর শোকের মাতমে এলাকার বাতাস ভারী হয়ে উঠল। খবর পেয়ে হরিপদর বাড়িতে ছুটে গেলেন মানিক সরকার। মেয়েকে বুকে জড়িয়ে সান্ত্বনা দিলেন এবং তাদের ধর্মীয় বিধি-বিধান অনুসারে হরিপদের সৎকারের সু- ব্যবস্থা করলেন। [বরিশাল বোর্ড ২০১৭; যশোর বোর্ড ২০১৭] ★★★

ক. কলকাতা বিশ্ববিদ্যালয় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে কোন পদক প্রদান করেছিল?

খ. অভাগীর জীবন নাট্যের শেষ অঙ্ক বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের বক্তব্য 'অভাগীর স্বর্গ' গল্পের যে ভাবের সাথে বৈসাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো।

PERFECT BOOKS

ঘ. ঠাকুর দাস মুখয্যে ও অধর রায় যদি চেয়ারম্যান সাহেবের মানসিকতা ধারণ করতেন, তাহলে 'অভাগীর স্বর্গ' গল্পের পরিণতি অন্যরকম হতো— তুমি কি এর সাথে একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ৪** চেয়ারম্যান সাহেবের বাবার মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বিরাট আয়োজন। এলাকার ধনী-গরিব সবাইকে নিমন্ত্রণ করা হয়েছে। দরিদ্র কৃষক খয়ের আলী, ছেলে রনি ও মেয়ে রেণুকে নিয়ে সমাজের গণ্যমান্য ব্যক্তিদের বসার স্থানে ভুল করে খেতে বসেছেন। চেয়ারম্যানের স্ত্রী চিৎকার করে বললেন, 'এসব অসভ্য ছোটোলোকদের দাওয়াত দেওয়াই ভুল হয়েছে।' চেয়ারম্যান সাহেব স্ত্রীকে বুঝিয়ে বললেন, 'এরা সকলেই আমার মেহমান।' তিনি রনি ও রেণুকে আদর করলেন এবং স্ত্রীর আচরণের জন্য খয়ের আলীর নিকট দুঃখ প্রকাশ করলেন।

[ঢাকা বোর্ড ২০১৯] ★★★

ক. অভাগীকে নদীর চড়ায় মাটি দিতে বলেছিল কে?

খ. মাকে বিশ্বাস করাই কাঙালীর অভ্যাস কেন?

গ. উদ্দীপকের চেয়ারম্যানের স্ত্রীর আচরণে 'অভাগীর স্বর্গ' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো।

ঘ. "সমাজের ধনী ব্যক্তিরা যদি উদ্দীপকের চেয়ারম্যানের মতো হতো তাহলে অভাগীকে বৈষম্যের শিকার হতে হতো না"— উক্তিটি বিশ্লেষণ করো ।

**প্রশ্ন ৫** ও কে চণ্ডাল? চমকাও কেন?

নহে ও ঘৃণ্য জীব!

ওই হ'তে পারে হরিশচন্দ্র, ওই শ্মশানের শিব।

আজ চণ্ডাল, কাল হতে পারে মহাযোগী সম্রাট।

তুমি কাল তারে অর্ঘ্য দানিবে করিবে নান্দীপাঠ। [রাজশাহী বোর্ড ২০১৬] ★★★

ক. 'অভাগীর স্বর্গ' গল্পে জমিদারের গোমস্তার নাম কী?

খ. 'রসিক হতবুদ্ধির মত দাঁড়াইয়া রহিল'— কেন?

গ. "উদ্দীপকের চণ্ডাল 'অভাগীর স্বর্গ' গল্পের কাঙালির প্রতিনিধি। ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকে ফুটে ওঠা মনোভাবই 'অভাগীর স্বর্গ' গল্পের লেখকের প্রত্যাশা।"— মূল্যায়ন করো।

**প্রশ্ন ৫** সাপ ধরার মন্ত্র শিখে মৃত্যুঞ্জয় মস্তবড় সাপুড়ে হয়ে উঠল। একদিন সাপ ধরতে গেলে, বিষধর সাপের দংশনে সে আহ হয়। তার শ্বশুরের দেওয়া সব তাবি-

PARTHIB BOOKS

কবজ তার হাতে বেঁধে দেওয়া হলো আর সেই সাথে বহু সংখ্যক ওঝা মিলে বহু দেব-দেবীর দোহাই এবং ঝাড়ফুঁক করেও তাকে বাঁচাতে পারল না। ★★

ক. গ্রামে কে নাড়ি দেখতে জানত?

খ. "মা মরেছে ত যা নিচে নেবে দাঁড়া"- অধর রায়ের এরূপ উক্তির কারণ কী?

গ. উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পে যে বিশেষ দিকের প্রতিফলন গঠেছে তা ব্যাখা কর।

ঘ. উদ্দীপকে "অভাগীর স্বর্গ' গল্পের একটি বিশেষ দিকের প্রতিফলন গঠলে গল্পের একটি বিশেষ দিকের প্রতিফলন ঘটলেও গল্পের মূল বিষয়টি অনুপস্থিত। মন্তব্যটির যথার্থতা বিচার কর।

**প্রশ্ন ৫** রহিম চৌধুরী কয়েকটি শিল্প প্রতিষ্ঠানের মালিক হয়েও সাধারণ জীবনযাপনে অভ্যস্ত। কিছুদিন পূর্বে তাঁর বড় মেয়ের বিয়েতে এলাকার সকলকে দাওয়াত দেন। তিনি ধনী-গরিবের মধ্যে কোনো পার্থক্য করেননি। তাঁর এ আচরণে এলাকার দরিদ্র জনগণ খুবই সন্তুষ্ট। ★★

ক. ঠাকুরদাস মুখুয্যের স্ত্রী কয়দিনের অসুখে মারা গেলেন?

খ. রসিক দুলে তার পায়ের ধুলো দিতে গিয়ে কেঁদে ফেলল কেন?

গ. উদ্দীপকের সঙ্গে 'অভাগীর স্বর্গ গল্পের বৈসাদৃশ্য ব্যাখ্যা কর।

ঘ. "অভাগীর আশা পূর্ণতা পাওয়ার জন্য রহিম চৌধুরীদের মতো মানুষ প্রয়েঅজন"- বক্তব্যটির যথাযর্থতা বিচার কর।

## জ্ঞানমূলক

প্রশ্ন-১. ঠাকুরদাস মুখুয্যের স্ত্রী কয়দিনের অসুখে মারা গেলেন? [সি. বো. ১৭] ★★

উত্তর: ঠাকুরদাস মুখুয্যের স্ত্রী সাতদিনের অসুখে মারা গেলেন।

প্রশ্ন-২. 'অভাগীর স্বর্গ' নামক গল্পটি কোন গ্রন্থ থেকে সংকলন করা হয়েছে? ★★

উত্তর: 'অভাগীর স্বর্গ' নামক গল্পটি 'শরৎ সাহিত্যসমগ্র' গ্রন্থ থেকে সংকলন করা হয়েছে।

প্রশ্ন-৩. অভাগীকে নদীর চড়ায় মাটি দিতে বলেছিল কে? [চ. বো. ১৯] ★★★

উত্তর: অভাগীকে নদীর চড়ায় মাটি দিতে বলেছিল ভট্টাচার্য মহাশয়।

প্রশ্ন-৪. গ্রামে কে নাড়ি দেখতে জানত? [সকল বোর্ড ২০১৮, রা. বো. ১৭] ★★★

PERTUB BOOKS

উত্তর: গ্রামে ঈশ্বর নাপিত নাড়ি দেখতে জানত।

প্রশ্ন-৫. মুখোপাধ্যায় মহাশয়ের কীসের কারবার ছিল? ★★★

উত্তর: মুখোপাধ্যায় মহাশয়ের ধানের কারবার ছিল।

প্রশ্ন-৬. কোন নদীর তীরে অবস্থিত? ★★★

উত্তর: গরুড় নদীর তীরে শশ্মশানঘাট অবস্থিত।

প্রশ্ন-৭. 'সব ব্যাটারাই এখন বামুন – কায়েত হতে চায়'- কে বলেছিল? ★★★

উত্তর: বামুন মা রথে চড়ে স্বর্গে যাচ্ছেন।

প্রশ্ন-৮. কাঙালীর বাবার নাম কী? ★★★

উত্তর: কাঙালীর বাবার নাম- রসিক দুলে।

প্রশ্ন-৯. কলকাতা বিশ্ববিদ্যালয় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে কোন পদক প্রদান করেছিল? [ব. বো. ১৭; য. বো. ১৭] ★★★

উত্তর: কলকাতা বিশ্ববিদ্যালয় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে জগত্তারিণী পদক প্রদান করেছিল।

প্রশ্ন-১০. জমিদারের গোমস্তার নাম কী? [সরদহ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, রাজশাহী] ★★★

উত্তর: জমিদারের গোমস্তার নাম অধর রায়।

প্রশ্ন-১১. 'গৃহদাহ' উপন্যাস কার রচনা? ★★★

উত্তর: 'গৃহদাহ' উপন্যাসের রচয়িতা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

## অনুধাবনমূলক

১. 'রসিক হতবুদ্ধির মতো দাঁড়াইয়া রহিল' – কেন? [রাজশাহী বোর্ড ২০১৭] ★★

২. 'মা মরেছে ত যা নিচে নেবে দাঁড়া'– অধর রায়ের এরূপ উক্তির কারণ কী? [সকল বোর্ড ২০১৮] ★★★

৩. অভাগীর জীবন নাট্যের শেষ অঙ্ক বলতে কী বোঝানো হয়েছে? [বরিশাল বোর্ড ২০১৭; যশোর বোর্ড ২০১৭] ★★★

৪. মাকে বিশ্বাস করাই কাঙালীর অভ্যাস কেন? [ঢাকা বোর্ড ২০১৯] ★★★

PERTIIB BOOKS

# পল্লিসাহিত্য

## ড. মুহম্মদ শহীদুল্লাহ্

### সৃজনশীল বহুনির্বাচনি

১. **'ধরি মাছ না ছুঁই পানি'– এটা কী?** [ঢাকা বোর্ড ২০১৯; সিলেট বোর্ড ২০২০] ★★
ⓚ ছড়া ও গান ⓚ ছড়া ও গৎ
ⓖ রূপকথা ও উপকথা ⓖ প্রবাদ ও প্রবচন **ঘ**

২. **'এগুলি সরস প্রাণের জীবন্ত উৎস'– কোনগুলো?** [যশোর বোর্ড ২০২০] ★★
ক) ছড়া ও গান খ) ছড়া ও গৎ
গ) রূপকথা ও উপকথা ঘ) প্রবাদ ও প্রবচন **ক**

৩. **'ফোকলোর' কথাটির উদ্ভাবক কে?** [বরিশাল বোর্ড ২০২০] ★★★
ক) দক্ষিণারঞ্জন মিত্র খ) উইলিয়াম থমস
গ) মনসুর বয়াতি ঘ) জীবনানন্দ দাশ **খ**

৪. **'পিঁড়েয় বসে পেঁড়োর খবর' – এটা কী?** [ময়মনসিংহ বোর্ড ২০২০] ★★
ক) ছড়া ও গান খ) ছড়া ও গৎ
গ) রূপকথা ও উপকথা ঘ) প্রবাদ ও প্রবচন **ঘ**

৫. **'ফোকলোর সোসাইট' কোন দেশে আছে?** [শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★
ক) জাপানে খ) ইতালিতে
গ) ইংল্যান্ডে ঘ) ফ্রান্সে **গ**

৬. **'ফোকলোর সোসাইট' কী?** [রাজবাড়ি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক) বিদ্বানদের সভা খ) উন্নত সমাজ
গ) পুরনো সমাজ ঘ) আধুনিক সভ্য সমাজ **ক**

৭. **"রোদ হচ্ছে, পানি হচ্ছে, খেঁকশিয়ালির বিয়ে হচ্ছে।"–এটা কোন ধরনের সাহিত্য?** [ভিকারুননিসা নূন স্কুল ও কলেজ, ঢাকা] ★★★
ক) ছড়া খ) গান
গ) গজল ঘ) কবিতা **ক**

৮. **বাংলাদেশের অন্যতম লোকগাথার নাম কী?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর] ★★★
ক) তেপান্তর খ) গ্রাম–গ্রামান্তর
গ) আলোর মিছিল ঘ) মৈমনসিংহ গতিকা **ঘ**

PARTHIB BOOKS

৯. **'মৈমনসিংহ গীতিকার'র মদিনা বিবির সৌন্দর্যে কে মুগ্ধ হয়েছিলেন?** [সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়] ★★★

ক) রোমাঁ রোলাঁ খ) শেকসপিয়র
গ) শেলী ঘ) ড.দীনেশ চন্দ্র সেন **ক**

১০. **রোমাঁ রোলাঁ যার রূপসৌন্দর্যে মুগ্ধ হয়েছেনে তিনি কে?** [শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ক) মদিনা বিবি খ) মেহের বানু
গ) খায়রুন সুন্দরী ঘ) মহুয়া **ক**

১১. **আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোতে অতল গর্ভে তলিয়ে যাচ্ছে কী?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর] ★★★

ক) উপকথা খ) প্রবাদ
গ) ছড়া ঘ) পল্লিগান **ক**

১২. **'ঠাকুরমার ঝুলি'র লেখক কে?** [ভিকারুননিসা নূন স্কুল ও কলেজ, ঢাকা] ★★★

ক) ড.দীনেশচন্দ্র সেন খ) প্রমথ চৌধুরী
গ) দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **গ**

১৩. **'পল্লিসাহিত্য' প্রবন্ধে কোন পাখির কথা উল্লেখ করা হয়েছে?** [জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ক) কোকিল, দোয়েল, পাপিয়া খ) কাক, চিল, কোকিল
গ) শকুন, পাপিয়া, কাক ঘ) দোয়েল, শকুন, বুলবুলি **ক**

১৪. **পল্লির পরতে পরতে কোনটি ছড়িয়ে আছে?** [শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ক) নাটক খ) প্রবন্ধ
গ) প্রহসন ঘ) সাহিত্য **ঘ**

১৫. **পল্লির পরতে পরতে লুক্কায়িত সাহিত্য নিয়ে মুহম্মদ শহীদুল্লাহ্ রচিত প্রবন্ধের নাম–**[রাজবাড়ি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ক) পল্লিকথা খ) পল্লিগানের ইতিকথা
গ) পল্লি সাহিত্য ঘ) পল্লিজীবন **গ**

১৬. **কোথায় বাস করে আমরা ভুলে যাই বায়ু সাগরে আমরা ডুবে আছি?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর] ★★★

ক) ঘরের মধ্যে খ) তাঁবুর মধ্যে
গ) বাতাসের মধ্যে ঘ) আলোর মধ্যে **গ**

১৭. **যেখানে অনেক বড় সাহিত্য ও সাহিত্যের উপকরণ ছড়িয়ে আছে, তা প্রকাশে নিচের কোন যুক্তিটি সমর্থনযোগ্য?**[সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়] ★★★

PARTHIB BOOKS

ক পাড়া গাঁয়ে　　খ শহরে
গ বন্দরে　　ঘ নগরে　　ক

**১৮. পল্লির সাহিত্য–সম্পদের মধ্যে জারি, সারি ও ভ্যাটিয়ালি গানগুলো–** ★★

ক প্রাচীন রত্নসম্পদ　　খ অমূল্য রত্নবিশেষ
গ আধুনিক রত্নবিশেষ　　ঘ শৌখিন রত্নবিশেষ　　খ

**১৯. পল্লির ছেলেমেয়েরা কাদের কাছে রূপকথার গল্প শোনে?** ★★

ক কৃষি শ্রমিক　　খ বুড়োবুড়ি
গ মনসুর বয়াতি　　ঘ কবিয়াল　　খ

**২০. পল্লিসাহিত্যের কোন উপকরণকে প্রাবন্ধিক সুদূর অতীতে সাক্ষীরূপে গণ্য করেছেন?** [জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ক উপকথাকে　　খ রূপকথাকে
গ প্রবাদ–প্রবচনকে　　ঘ খনার বচনকে　　খ

**২১. কোনটি নষ্ট হয়ে অতীতে সঙ্গো আমাদের সম্বন্ধ লোপ করে দিচ্ছে?** ★★

ক উপকথা　　খ রূপকথা
গ পল্লিগীতি　　ঘ খনার বচন　　খ

**২২. পল্লিসাহিত্য সম্পদের মধ্যে কোনটি অমূল্য রত্নবিশেষ?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর] ★★★

ক উপকথা　　খ ছড়া
গ প্রবাদ　　ঘ পল্লিগান　　ঘ

**২৩. পল্লিসাহিত্যের কোন ধারাকে অমূল্য রত্নবিশেষ বলা হয়?** [সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়] ★★★

ক পল্লিগীতি　　খ প্রবাদ–প্রবচন
গ মৈমনসিংহ গীতিকা　　ঘ খনার বচন　　ক

**২৪. লেখক মুহম্মদ শহীদুল্লাহ্ পল্লিগীতিকে কী বিশেষণে বিশেষিত করেছেন?** ★★

ক অমূল্য রত্নবিশেষ
খ সরস প্রাণের জীবন্ত উৎস
গ নৃতত্ত্বের মূল্যবান উপকরণ　　ঘ মারফতি তত্ত্বকথা　　ক

**২৫. গানের অফুরন্ত ভান্ডার আছে কোথায়?** ★★★

ক শহরের মধ্যে　　খ শিক্ষিত লোকের মধ্যে
গ পল্লির আনাচে–কানাচে　　ঘ বিদেশি গ্রন্থে　　গ

**২৬. বাংলা সাহিত্যের কয় আনা শহুরে সাহিত্য?** ★★★

ক পনের আনা　　খ বারো আনা
গ চার আনা　　ঘ এক আনা　　ক

PATHIB BOOKS

**২৭. রাজ–রাজড়ার কোন সাহিত্যের প্রতীক? ★★★**

ক নাগরিক সাহিত্য খ লোকসাহিত্য

গ পল্লিসাহিত্য ঘ গ্রামীণ সাহিত্য ক

**২৮. ইউরোপ–আমেরিকার মতো আমাদের দেশেও অনাগতকাল কোন সাহিত্য আদরের আসন পাবে? ★★★**

ক পল্লিসাহিত্য খ শহুরে সাহিত্য

গ নাগরিক সাহিত্য ঘ প্রলেতারিয়েত সাহিত্য ঘ

**২৯. 'পল্লিসাহিত্য' প্রবন্ধে পল্লির উপকথাগুলোতে লেখক কোন আবেদনকে প্রাধান্য দিয়েছেন? ★★★**

ক সাহিত্য আবেদন খ সর্বজনীন আবেদন

গ সাংস্কৃতিক আবেদন ঘ শৈল্পিক আবেদন খ

**৩০. পল্লিসাহিত্যে পল্লিজননীর হিন্দু–মুসলমানদের অধিকার বন্টন লেখক ফুটিয়ে তুলেছেন কোন বিষয়টির মাধ্যমে? ★★★**

ক সমান অধিকার খ অধিকার সমান নয়

গ আংশিক অধিকার ঘ অসম অধিকার ক

**৩১. মুহম্মদ শহীদুল্লাহর মতে পল্লিসাহিত্যের এখনও সমাদর করে কারা? ★★**

ক শহুরে লোকেরা খ পাড়াগাঁয়ের লোকেরা

গ অশিক্ষিত ব্যক্তিরা ঘ পন্ডিত ব্যক্তিরা খ

**৩২. 'মৈমনসিংহ গীতিকা' কে সংগ্রহ করেছেন? ★★★**

ক কবি জসীমউদ্দীন খ ডক্টর দীনেশচন্দ্র সেন

গ ড.মুহম্মদ শহীদুল্লাহ ঘ চন্দ্রকুমার দে ঘ

**৩৩. রোমাঁ রোলাঁ কোন দেশের লোক? ★★★**

ক জার্মানি খ ইংল্যান্ড

গ ইতালি ঘ ফ্রান্স ঘ

**৩৪. রোমাঁ রোলাঁ কত খ্রিষ্টাব্দে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন? ★★**

ক ১৯১৩ খ্রিষ্টাব্দে খ ১৯১৫ খ্রিষ্টাব্দে

গ ১৯১৬ খ্রিষ্টাব্দে ঘ ১৯২১ খ্রিষ্টাব্দে খ

**৩৫. মনসুর বয়াতি কে? ★★★**

ক 'দেওয়ানা মদিনা' পালার কবি খ একজন কণ্ঠশিল্পী

গ একজন সুরস্রষ্টা ঘ একজন গীতিকার ক

**৩৬. দস্যুদলকে কাবু করার ক্ষেত্রে আলিবাবার সহায়ক কে? ★★★**

ক মুহম্মদ শহীদুল্লাহ খ রোমাঁ রোলাঁ

PARTHIB BOOKS

Ⓖ বুদ্ধিমতী বাঁদী মর্জিনা   Ⓘ দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার   **গ**

**৩৭. ফোকালোর সোসাইটি সর্বপ্রথম কোথায় গঠিত হয়? ★★★**

ক আমেরিকায়   খ ইতালিতে

গ লন্ডনে   ঘ ফ্রান্সে   **গ**

**৩৮. মানুষের উৎপত্তি ও বিকাশ সংক্রান্ত বিজ্ঞান কোনটি? ★★★**

ক প্রত্নতত্ত্ব   খ নৃতত্ত্ব

গ ভূতত্ত্ব   ঘ প্রাণিতত্ত্ব   **খ**

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** বাংলা বিষয়ের শিক্ষক শাখাওয়াত স্যারের মুখে বাংলার রূপকথার উ গৌরবময় ইতিহাস জানতে পেরে মাহমুদ পুলকিত হয়। রূপকথার গল্প শোনার তীব্র আকাঙ্ক্ষা জন্মে তার ভেতর। দাদির কাছে গিয়ে আবদার করে রূপকথার গল্প শোনার। কিন্তু দাদি হিন্দি সিরিয়াল দেখায় মগ্ন। দাদি বলে সেগুলো কি আর এখন মনে আছে? তার চেয়ে হিন্দি সিরিয়াল স দেখ। এগুলোতে অনেক মজা পাবি। দাদির এমন কথায় মাহমুদের মন খুব খারাপ হয়। [রাজশাহী বোর্ড ২০২০] ★★★

ক. 'মৈমনসিংহ গীতিকা' কে সংগ্রহ করেন?

খ. "নচেৎ এ সকল কেবলি ভুয়া, কেবলি ফক্কিকার।"— বলতে লেখক কী বুঝিয়েছেন?

গ. উদ্দীপকের মাহমুদের মনোভাবে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন দিকের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের দাদির মতো রূপকথার গল্পগুলোর প্রতি আমাদের অনাগ্রহই পল্লিসাহিত্য হারিয়ে যাওয়ার জন্য দায়ী।"— 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো।

**প্রশ্ন ২** করিম সাহেব আধুনিক শিক্ষায় শিক্ষিত। তিনি ও তার পরিবারের সদস্যরা ইংরেজি, হিন্দি গান ও সিনেমার প্রতি আকৃষ্ট। তার ধারণা, পাশ্চাত্য সাহিত্য-সংস্কৃতির সাথে তাল মিলিয়ে চলতে না পারলে বেশি দূরে আগানো যাবে না। অন্যদিকে তার বন্ধু সালাম সাহেব উচ্চশিক্ষিত হওয়া সত্ত্বেও দেশের ঐতিহ্য ও সংস্কৃতি হৃদয়ে লালন করেন। পল্লিগীতি, ভাটিয়ালি, ভাওয়াইয়া, লালনগীতি তাঁর প্রিয়

PARTHB BOOKS

গান। ব্যক্তিগত লাইব্রেরিতে মৈমনসিংহ গীতিকা, পুথি ও রূপকথার গল্পসহ বাংলা ভাষার বিভিন্ন বই সংগ্রহ করেছেন। [যশোর বোর্ড ২০১৯] ★★★

ক. 'প্রবাদবাক্য' কাকে বলে?

খ. পল্লিসাহিত্যকে সংরক্ষণ করা প্রয়োজন কেন? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের করিম সাহেবের মানসিকতায় 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন মনোভাব প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. "সালাম সাহেবের মনোভাব যেন 'পল্লিসাহিত্য' প্রবন্ধের লেখকের "চাওয়ারই প্রতিফলন" – উক্তিটির যথার্থতা নিরূপণ করো।

**প্রশ্ন ৩** সিয়াম অবসরে হিন্দি ও ইংরেজি গান শোনে। তার বাবা আলমাস সাহেব তাকে জারি, সারি, ভাটিয়ালি ইত্যাদি বাংলা গান শোনার জন্য উৎসাহিত করেন এবং বলেন, এ গানগুলো আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যকে লালন করে। কিন্তু আজ বিদেশি সংস্কৃতির প্রভাবে আমাদের এসব গান হারিয়ে যাচ্ছে। এতকিছু বলার পরও সিয়ামের মানসিকতার পরিবর্তন হয়নি। [সিলেট বোর্ড ২০১৯] ★★★

ক. আজকাল বাংলা সাহিত্যের কত আনা শহুরে সাহিত্য?

খ. "নচেৎ এ সকল কেবলি ভুয়া, কেবলি ফক্কিকার।" বলতে লেখক কী বুঝিয়েছেন?

গ. উদ্দীপকের আলমাস সাহেবের মানসিকতা 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন দিক নির্দেশ করে? ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের সিয়ামের ধ্যানধারণা 'পল্লিসাহিত্য' প্রবন্ধের লেখকের ভাবনার পরিপন্থি।"- মন্তব্যটি বিশ্লেষণ করো।

**প্রশ্ন ৪** সজলের লোকসংগীতের প্রতি প্রবল অনুরাগ থাকলেও তার বন্ধু কাজল মোটেই পছন্দ করে না। সে বলে, "এসব চাষাভুষোর গান, এগুলো কে শোনে?" তার কথা শুনে সজল বলে, "আরে এগুলো আমাদের পল্লিসাহিত্যের অমূল্য সম্পদ। দেখছিস্ না, ইউরোপ, আমেরিকার মতো দেশ আজ লোকসংগীতকে কত মর্যাদা দিচ্ছে? আমরা এসবের গুরুত্ব বুঝি না বলেই কদর করি না। আমি ঠিক করেছি শুধু গান নয়, পল্লিসাহিত্যের লুপ্তপ্রায় অন্যান্য সম্পদগুলোও যতটুকু পারি সংগ্রহ করব।" [রাজশাহী বোর্ড ২০১৯] ★★★

ক. মনসুর বয়াতি কে ছিলেন?

খ. 'পল্লিগ্রামে শহরের মতো গায়ক, বাদক, নর্তক না থাকলেও তার অভাব নেই'— বুঝিয়ে লেখো।

PARTHIB BOOKS

গ. কাজলের কথায় 'পল্লিসাহিত্য' প্রবন্ধের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা করো।

ঘ. "সজলের মনোভাবে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের মূল সুরটিই ধ্বনিত হয়েছে"– মূল্যায়ন করো।

**প্রশ্ন ৫** ষাটোর্ধ্ব শমসের গাজি বাড়ি ফেরার পথে দেখেন দু'জন যুবক মোবাইল ফোনে শিল্পী আব্দুল আলীমের গাওয়া 'পরের জায়গা পরের জমি, ঘর বানাইয়া আমি রই' গানটি মনোযোগ দিয়ে শুনছে। তিনি তাদের কাছে গিয়ে বললেন, 'এখনকার ছেলেরা তো এ গানগুলো শোনে না অথচ তোমরা...।' শমসের গাজির কথা শুনে যুবকরা বলে ওঠে, 'এ গানগুলোইতো বাঙালি সংস্কৃতির প্রাণ । এগুলোকে কীভাবে ভুলি?' যুবকদের কথা মধুর মতো লাগে তাঁর কানে। [দিনাজপুর বোর্ড ২০১৯] ★★

ক. মনসুর বয়াতি কে?

খ. নচেৎ এ সকল কেবলি ভুয়া, কেবলি ফক্কিকার'— লেখক একথা কেন বলেছেন?

গ. উদ্দীপকের যুবকদের মাঝে 'পল্লিসাহিত্য' রচনার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের শমসের গাজি কি 'পল্লিসাহিত্য' রচনার লেখকের চেতনার ধারক? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ৬** ড. রশিদ হারুন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের অধ্যাপক। তিনি নাট্যরূপ দেওয়ার জন্য বিভিন্ন লোককবির পালা গান ও কাহিনি সংগ্রহ করার চেষ্টা করেন। একবার তিনি মানিকগঞ্জের ঘিওর উপজেলার দুজন লোককবির লোকগাথা সংগ্রহ করেন। পরে তিনি ওই গাথাগুলোর নাট্যরূপ দিয়ে তাঁর বিভাগের ছাত্র-ছাত্রীদের দ্বারা অভিনয় করান। পরে রেকর্ডিং করে সারাবিশ্বে ছড়িয়ে দেওয়ার উদ্যোগ নিলেন। [যশোর বোর্ড ২০২০] ★★★

ক. 'ভূয়োদর্শন' অর্থ কী?

খ. 'পল্লিসাহিত্যে হিন্দু-মুসলমান সকল সন্তানেরই সমান অধিকার' বলতে কী হয়েছে?

গ. উদ্দীপকের অধ্যাপক সাহেবের কাজের মধ্যে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা করো।

ঘ. "অধ্যাপক ড. হারুন-এর পদক্ষেপ ড. মুহম্মদ শহীদুল্লাহ্ চাওয়াকেই তুলে ধরেছে।"— বক্তব্যটি 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে মূল্যায়ন করো।

PARTHIB BOOKS

**প্রশ্ন ৭** প্রবাসে বসবাস করা মুরসালাত ছুটিতে বাবার সাথে গ্রামের বাড়িতে বেড়াতে আসে। তখন বৈশাখ মাস। পাশের গ্রামে বৈশাখী মেলা। মেলায় গান-বাজনাসহ নানান কর্মকা- চলছে। হঠাৎ মেলার এক প্রান্ত থেকে ভেসে আসা 'আমায় এত রাতে কেনে ডাক দিলি প্রাণ কোকিলা রে' গানটি শুনে সে বিমোহিত হয়। বাড়িতে এসে বাবাকে মেলায় শোনা গানের কথা বলে। তারা দু'জনে মিলে পরদিন আবারও মেলায় ছুটে যায় এবং এ ধরনের গানগুলো সংগ্রহ করে নিয়ে আসে। বাংলাদেশের এই লোক-সংস্কৃতিকে সে বিদেশের মাটিতে পরিচয় করিয়ে দিতে চায়।

ক. বাংলা সাহিত্যের কত আনা শহুরে সাহিত্য?

খ. 'আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোত' বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোচিত দিকটির ব্যাখ্যা দাও।

ঘ. উদ্দীপকের মুরসালাতকে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের স্বেচ্ছাসেবক দলের প্রতিনিধি বলা যায় কি? যুক্তি দিয়ে বিচার কর।

## জ্ঞানমূলক

প্রশ্ন-১. 'ভূয়োদর্শন' মানে কী? [য. বো.. ২০২০; সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম] ★★★

উত্তর: 'ভূয়োদর্শন' মানে প্রচুর দেখা ও শোনার মাধ্যমে অর্জিত অভিজ্ঞতা।

প্রশ্ন-২. মনসুর বয়াতি কে ছিলেন? [রা. বো. ১৯, দি. বো. ১৯] ★★★

উত্তর: মনসুর বয়াতি ছিলেন 'দেওয়ানা-মদিনা' লোকগাথার প্রখ্যাত কবি।

প্রশ্ন-৩. 'ঠাকুরমার ঝুলি' কে রচনা করেন? [নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়]

উত্তর: 'ঠাকুরমার ঝুলি' রচনা করেন শ্রীযুক্ত দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার।

প্রশ্ন-৪. আজকাল বাংলা সাহিত্যের কত আনা শহুরে সাহিত্য? [সি. বো. ১৯, সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, টঙ্গী, গাজীপুর] ★★★

উত্তর: মায়ের ঘুমপাড়ানী গান ও খোকা-খুকির ছড়া হচ্ছে সরস প্রাণের জীবন্ত উৎস।

প্রশ্ন-৫. কোন খেলার সঙ্গে ছেলেরা বাঁধা বুলি ব্যবহার করত? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, দিনাজপুর] ★★★

উত্তর: কপাটি খেলার সঙ্গে ছেলেরা বাঁধা বুলি ব্যবহার করত।

প্রশ্ন-৬. সরস প্রাণের জীবন্ত উৎস কোনটি? [জামালপুর জিলা স্কুল] ★★★

PARTHIB BOOKS

উত্তর: আজকাল বাংলা সাহিত্যের পনেরো আনা শহুরে সাহিত্য।

প্রশ্ন-৭. রোমা রোলার অমূল্য কীর্তি কোনটি? [ময়মনসিংহ জিলা স্কুল] ★★★

উত্তর: রোমা রোলার অমূল্য কীর্তি তার 'জাঁ ক্রিস্তফ' উপন্যাস।

প্রশ্ন-৮. 'দেওয়ানা মদিনা'র রচয়িতা কে? ★★★

উত্তর: 'দেওয়ানা মদিনা'র রচয়িতা মনসুর বয়াতি।

প্রশ্ন-৯. মুহম্মদ শহীদুল্লাহ্ কত সালে জন্মগ্রহণ করেন? [ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম] ★★★

উত্তর: মুহম্মদ শহীদুল্লাহ্ ১০ই জুলাই, ১৮৮৫ সালে জন্মগ্রহণ করেন।

প্রশ্ন-১০. 'ঠাকুরমার ঝুলি' কাদের প্রিয় বই? [বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ] ★★★

উত্তর: 'ঠাকুরমার ঝুলি' শিশুদের প্রিয় বই।

প্রশ্ন-১১. প্রবাদবাক্য কী? [চ. বো. ১৯, য. বো. ১৯] ★★★

উত্তর: দীর্ঘদিন ধরে লোকমুখে প্রচলিত বিশ্বাসযোগ্য কথা বা জনশ্রুতিকে প্রবাদ বলে।

প্রশ্ন-১২. পল্লিসাহিত্য সম্পদের মধ্যে কোনগুলি চমকপ্রদ ও মনোহর? [ফরিদপুর জিলা স্কুল] ★★★

উত্তর: পল্লিসাহিত্য সম্পদের মধ্যে পল্লির উপকথাগুলো চমকপ্রদ ও মনোহর।

## অনুধাবনমূলক

১. "নচেৎ এ সকল কেবলি ভুয়া, কেবলি ফক্কিকার।"— বলতে লেখক কী বুঝিয়েছেন? [রাজশাহী বোর্ড ২০২০, রাজশাহী বোর্ড ২০১৯, দিনাজপুর বোর্ড ২০১৯] ★★★

২. পল্লিসাহিত্যকে সংরক্ষণ করা প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। [যশোর বোর্ড ২০১৯] ★★★

৩. 'পল্লিগ্রামে শহরের মতো গায়ক, বাদক, নর্তক না থাকলেও তার অভাব নেই'— বুঝিয়ে লেখো। [সিলেট বোর্ড ২০১৯] ★★★

৪. 'পল্লিসাহিত্যে হিন্দু-মুসলমান সকল সন্তানেরই সমান অধিকার' বলতে কী হয়েছে? [যশোর বোর্ড ২০২০] ★★★

PARTHIB BOOKS

# আম-আঁটির ভেঁপু

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **'আম-আঁটির ভেঁপু' গল্পে অপুর খেলনা পিস্তলের দাম কত?** [চট্টগ্রাম বোর্ড ২০১৭] ★★★

ক এক পয়সা　খ দুই পয়সা
গ তিন পয়সা　ঘ চার পয়সা　**খ**

২. **অপুর কাছে থাকা টিনের ভেঁপু-বাঁশিটির দাম কত?** [সকল বোর্ড ২০১৮] ★★★

ক এক পয়সা　খ দুই পয়সা
গ তিন পয়সা　ঘ চার পয়সা　**ঘ**

৩. **'আম-আঁটির ভেঁপু' গল্পের অপু সর্বদা কী লুকিয়ে রাখে?** [সিলেট বোর্ড ২০১৭] ★★★

ক কড়ি　খ আম
গ তেল　ঘ বাঁশি　**ক**

৪. **দুর্গার মায়ের নাম কী?** [বরিশাল বোর্ড ২০১৭] ★★★

ক সর্বজয়া　খ স্বর্গদেবী
গ লক্ষ্মী　ঘ অনুরাধা　**ক**

৫. **কাঁঠালতলা থেকে অপুকে ডাকার সময় দুর্গার কণ্ঠে কী জড়ানো ছিল?** [রাজশাহী বোর্ড ২০২৩, ঢাকা বোর্ড ২০১৯] ★★★

ক দ্বিধা　খ ভয়
গ সতর্কতা　ঘ রুক্ষতা　**গ**

৬. **'আম-আঁটির ভেঁপু' গল্পের অপু কী তাড়াতাড়ি লুকিয়ে ফেলল?** [বরিশাল বোর্ড ২০২২, ঢাকা বোর্ড ২০২২] ★★★

ক কড়ি　খ আম
গ তেল　ঘ বাঁশি　**ক**

৭. **'আম-আঁটির ভেঁপু' গল্পটি কোন গ্রন্থ থেকে সংগৃহীত?** [ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ক দৃষ্টিপ্রদীপ　খ ইছামতি
গ পথের পাঁচালী　ঘ মেঘমল্লার　**গ**

৮. **'আম-আঁটির ভেঁপু' গল্পের মূল প্রতিপাদ্য কী?** [বরিশাল বোর্ড ২০২০] ★★★

PARTHIB BOOKS

ক হরিহরের অভাব উপস্থাপন
খ সর্বজয়ার সন্তানপ্রীতি
গ অপু ও দুর্গার আনন্দিত জীবনের আখ্যান
ঘ সমাজে বামুনদের মর্যাদা উপস্থাপন **গ**

৯. **'আম-আঁটির ভেঁপু' গল্পে 'রোয়াক' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [চট্টগ্রাম বোর্ড ২০১৬] ★★★
ক শোবার জলচৌকি অর্থে
খ বই রাখার শেলফ অর্থে
গ বাড়ির বাইরের খোলা অংশ অর্থে
ঘ ঘরের সামনের খোলা বারান্দা অর্থে **ঘ**

১০. **'আম-আঁটির ভেঁপু' গল্পটি আমাদের কোন সময়ের কথা স্মরণ করিয়ে দেয়?** [লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★
ক শৈশবের খ যুবক বয়সের
গ মধ্য বয়সের ঘ বৃদ্ধকালের **ক**

১১. **'আম-আঁটির ভেঁপু' গল্পে পল্লিমায়ের শাশ্বত চরিত্র হয়ে উঠেছে কে?** [ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক সর্বজয়া খ স্বর্ণ গোয়ালিনী
গ সেজ ঠাকরুণ ঘ রাধা বোষ্টমের বৌ **ক**

১২. **'আম-আঁটির ভেঁপু' গল্পে বর্ণিত হরিহরের পুত্র কোথায় বসে খেলছিল?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★
ক পুকুরঘাটে খ বারান্দায়
গ সিঁড়িতে ঘ উঠানে **খ**

১৩. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় কত সালে জন্মগ্রহণ করেন?** ★★
ক ১৮৭৪ সালে খ ১৮৮৪ সালে
গ ১৮৯৪ সালে ঘ ১৯০৪ সালে **গ**

১৪. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান কোথায়?** [রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক চব্বিশ পরগণা খ মেদিনীপুর
গ হুগলি ঘ নদীয়া **ক**

১৫. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় কোন উপন্যাসের জন্য রবীন্দ্র-পুরস্কারে ভূষিত হন?**
ক পথের পাঁচালী খ অপরাজিত
গ ইছামতি ঘ আরণ্যক **গ**

PERTHIB BOOKS

১৬. **কোনটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস?** [লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

১৭.

ক মেঘমল্লার　খ মৌরীফুল
গ যাত্রাবদল　ঘ দৃষ্টিপ্রদীপ　**ঘ**

১৮. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় কত সালে মৃত্যুবরণ করেন?** ★★★

ক ১৯৫০ সালে　খ ১৯৫২ সালে
গ ১৯৫৪ সালে　ঘ ১৯৫৬ সালে　**ক**

১৯. **হরিহরের পুত্র কখন বারান্দায় বসে খেলা করছিল?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★

ক সকালে　খ দুপুরে
গ বিকেলে　ঘ সন্ধ্যায়　**ক**

২০. **'আম-আঁটির ভেঁপু' গল্পে বর্ণিত হরিহরের পুত্রের নাম কী?**[ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ক তপু　খ অপু
গ বিধ　ঘ তিনু　**খ**

২১. **'আম-আঁটির ভেঁপু' গল্পে ডালা ভাঙা টিনের বাক্সটি কার?** [রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ক দুর্গার　খ অপুর
গ হরিহরের　ঘ সর্বজয়ার　**খ**

২২. **অপু তার ডালা ভাঙা বাক্সের সমুদয় সম্পতি উপুড় করে মেঝেতে ঢেলেছে কেন?**

ক রাগ করে　খ খেলা করার জন্য
গ নতুন বাক্সে রাখার জন্য　ঘ নতুন করে সাজানোর জন্য　**খ**

২৩. **অপু তার কড়িগুলো কীভাবে পেয়েছিল?** [লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ক বাবা বাজার থেকে কিনে দিয়েছিল
খ দুর্গামেলা থেকে এনে দিয়েছিল
গ লক্ষ্মীপূজার কড়ির চুপড়ি থেকে খুলে নিয়েছিল
ঘ মা এনে দিয়েছিল　**গ**

২৪. **অপুকে শুকনো নাটাফল কে এনে দিয়েছে?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★

ক হরিহর　খ সর্বজয়া
গ দুর্গা　ঘ পটলি　**গ**

PARTHIB BOOKS

২৫. 'আম-আঁটির ভেঁপু' গল্পে গঙ্গা যমুনা খেলতে কিসের লক্ষ্য অব্যর্থ বলে অপুর মনে হয়? ★★★
ⓚ কড়ি ⓚ নাটাফল
ⓖ খাপরার কুচি ⓖ খেলনা পিস্তলের গুলি **গ**

ক) কড়ি খ) নাটাফল
গ) খাপরার কুচি ঘ) খেলনা পিস্তলের গুলি — **গ**

২৬. অপু বারান্দায় বসে খেলার সময় উঠানের কাঁঠালতলা থেকে কে তাকে ডাক দেয়?
ক) দুর্গা খ) হরিহর
গ) সর্বজয়া ঘ) পটলি — **ক**

২৭. 'আম-আঁটির ভেঁপু' গল্পে দুর্গার হাতে কিসের চুড়ি ছিল? ★★★
ক) সোনার খ) রুপার
গ) পিতলের ঘ) কাচের — **ঘ**

২৮. দুর্গার নারিকেলের মালায় কী ছিল? ★★★
ক) কচি আম খ) পাকা আম
গ) নাটাফল ঘ) পাকা লিচু — **ক**

২৯. অপু বাসি কাপড়ে তেলের ভাঁড় ছুঁতে চায় না কেন? ★★★
ক) মায়ের ভয়ে খ) বাবার ভয়ে
গ) অমঙ্গল হবে ভেবে ঘ) দুর্গার ভয়ে — **ক**

৩০. দুর্গাদের বাড়ি থেকে ভুবন মুখুয্যের বাড়ি কয় মিনিটের পথ? ★★★
ক) দুই মিনিটের খ) তিন মিনিটের
গ) চার মিনিটের ঘ) পাঁচ মিনিটের — **ঘ**

৩১. দুর্গাদের বাড়ির পাশের জঙ্গলাবৃত ভিটাটি কার? ★★★
ক) ভুবন মুখুয্যের খ) নীলমণি রায়ের
গ) স্বর্ণ গোয়ালিনীর ঘ) অন্নদা রায়ের — **খ**

৩২. দুর্গা ও অপু আম খাওয়ার সময় সর্বজয়া কোথায় গিয়েছিল? ★★★
ক) নীলমণি রায়ের বাড়ি খ) ভুবন মুখুয্যের বাড়ি
গ) ঘাটে ক্ষার কাচতে ঘ) দোকানে তেল নুন কিনতে — **গ**

৩৩. হরিহর কখন কাজ সেরে বাড়ি ফিরল? ★★★
ক) সকালে খ) দুপুরের পর
গ) সন্ধ্যার পর ঘ) রাতে — **খ**

৩৪. দুপুরের পর অপু কী করছিল? ★★★
ক) রোয়াকে খেলছিল খ) আম কুড়াতে গিয়েছিল
গ) ঘুমাচ্ছিল ঘ) সর্বজয়ার কাছে বসেছিল — **গ**

PARTHIB BOOKS

**৩৫. হরিহর দশঘরার মাতবর লোকটার বাড়িতে কয়টা গোলার কথা বলে? ★★**

ⓚ পাঁচ–ছয়টা ⓚ সাত–আটটা
ⓖ নয়–দশটা ⓖ এগারো–বারোটা **ক**

**৩৬. দশঘরার মাতবর লোকটি কোন জাতের? ★★★**

ক ব্রাহ্মণ খ কায়স্থ
গ ক্ষত্রিয় ঘ সদগোপ **ঘ**

**৩৭. হরিহর অন্নদা রায়ের বাড়িতে মাসে কত টাকা পায়? ★★★**

ক পাঁচ টাকা খ ছয় টাকা
গ সাত টাকা ঘ আট টাকা **ঘ**

**৩৮. সর্বজয়া সেজ ঠাকরুণের কাছ থেকে কত মাস আগে টাকা ধার নিয়েছিল? ★★**

ক তিন মাস খ চার মাস
গ পাঁচ মাস ঘ ছয় মাস **গ**

**৩৯. সংসারে অনটনের কারণে কার একদিকে বেরিয়ে যেতে ইচ্ছে করে? ★★**

ক হরিহরের খ সর্বজয়ার
গ দুর্গার ঘ স্বর্ণ গোয়ালিনীর **খ**

**৪০. 'আম–আঁটির ভেঁপু' গল্পে কার কাপড়ের দু–তিন জায়গায় সেলাই করা?**

ক অপুর খ দুর্গার
গ সর্বজয়ার ঘ হরিহরের **ক**

**৪১. 'আম–আঁটির ভেঁপু' গল্পে কোন গ্রামে বামুন নেই? ★★★**

ক নিশ্চিন্দিপুরে খ দশঘরায়
গ বোষ্টমপাড়ায় ঘ রায়গঞ্জে **খ**

**৪২. হরিহর দশঘরার উঠে যাওয়ার ব্যাপারে কার সাথে আলোচনা করতে চায়?**

ক ভুবন মুখুয্যের সাথে খ অন্নদা রায়ের সাথে
গ নীলমণি রায়ের সাথে ঘ মজুমদার মহাশয়ের সাথে **ঘ**

**৪৩. দুর্গার আঁচলে কয়টি রড়া ফলের বিচি ছিল? ★★★**

ক বাইশটি খ চব্বিশটি
গ ছাব্বিশটি ঘ আটাশটি **গ**

**৪৪. রড়া ফলের বিচি খেয়ে নেওয়ার জন্য দুর্গা কাকে রাক্ষস বলেছে? ★★★**

ক রাঙি গাইকে খ অপুকে
গ পটলিদের ছাগলকে ঘ স্বর্ণ গোয়ালিনীর গরুকে **ক**

**৪৫. 'চুপড়ি' শব্দটির অর্থ কী? ★★★**

PARTHIB BOOKS

ⓚ ছোট ঝুড়ি ⓚ কলসির ভাঙা টুকরো
ⓖ কাচের চুড়ি ⓖ বুনো গাছ **ক**

**৪৬. 'আম-আঁটির ভেঁপু' গল্পে ব্যবহৃত 'খাপরার কুচি' কী? ★★★**
ক) ইটের টুকরা
খ) কলসি-হাঁড়ি প্রভৃতির ভাঙা টুকরা
গ) ভাঙা কাচ
ঘ) নাটাফলের বীজ **খ**

**৪৭. কোন খেলায় ব্যবহার করার উদ্দেশ্যে অপু খাপরার কুচি সংগ্রহে রেখেছিল?**
ক) পদ্মা-মেঘনা খ) মেঘনা-যমুনা
গ) গঙ্গা-যমুনা ঘ) সুরমা-তিস্তা **গ**

**৪৮. 'দুর্গার এখন উত্তর দিবার সুযোগ নাই'– কেন? ★★★**
ক) ক্ষার কাচায় ব্যস্ত খ) মুখ আমে ভর্তি
গ) পড়াশোনায় মগ্ন ঘ) জ্বরে মৃতপ্রায় **খ**

**৪৯. অপু তেল ঢেলে আনতে দুর্গার কাছে কী চাইল? ★★★**
ক) তেলের ভাঁড় খ) পিতলের বাটি
গ) নারকেলের মালা ঘ) কাঁসার বাটি **গ**

**৫০. দুর্গাকে কী এনে দিলে অপু আরও একখানা আমের টুকরা পেত? ★★★**
ক) নুন খ) তেল
গ) লঙ্কা ঘ) শশা **গ**

**৫১. 'সে বাঁদর কোথায়?'– সর্বজয়া কার কথা জিজ্ঞেস করেছে? ★★★**
ক) দুর্গার খ) অপুর
গ) পটলির ঘ) হরিহরের **খ**

**৫২. স্বর্ণ গোয়ালিনীকে সর্বজয়া কেন তিরস্কার করল? ★★★**
ক) দুধে পানি মেশানোয় খ) দেরি করে আসায়
গ) বাছুর আটকে রাখায় ঘ) এক সপ্তাহ না আসায় **খ**

**৫৩. 'লক্ষ্মীছাড়া বাঁদর!'– অপুকে এ কথা কে বলেছে? ★★★**
ক) সর্বজয়া খ) হরিহর
গ) স্বর্ণ গোয়ালিনী ঘ) দুর্গা **ঘ**

**৫৪. 'আম-আঁটির ভেঁপু' গল্পে কোন মাসের উল্লেখ রয়েছে? ★★★**
ক) কার্তিক খ) মাঘ
গ) ফাল্গুন ঘ) চৈত্র **ঘ**

**৫৫. হরিহরের মতে আজকাল কাদের ঘরে লক্ষ্মী বাঁধা? ★★★**

PARTHIB BOOKS

ক ভদ্রলোকের ঘরে খ জেলেদের ঘরে
গ চাষাদের ঘরে ঘ ব্রাহ্মণদের ঘরে **গ**

**৫৬. দুর্গা চুপিচুপি বাড়ি এসেছিল কেন?** ★★★

ক লুকিয়ে ভাত খেতে খ গোপনে একটু শুয়ে নিতে
গ অপুকে আম খাওয়াতে ঘ আম লুকিয়ে রাখতে **খ**

**৫৭. 'নাটাফল' বলতে কী বোঝায়?** ★★★

ক পানিফল খ কমলালেবু
গ করঞ্জা ফল ঘ জামরুল **গ**

**৫৮. 'কালমেঘ' উদ্ভিদটি কিসের জন্য উপকারী?** ★★★

ক যকৃতের রোগের খ দাঁত ব্যথার
গ মাথা ব্যথার ঘ চুল পড়া **ক**

**৫৯. 'আম-আঁটির ভেঁপু' গল্পের মূল প্রতিপাদ্য–** ★★★

i. দুর্গা ও অপুর আনন্দিত জীবন উপাখ্যান
ii. প্রকৃতিঘনিষ্ঠ দুই ভাই-বোনের জীবন
iii. হরিহরের সংসারের দৈন্য

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**৬০. 'আম-আঁটির ভেঁপু' গল্পে সর্বজয়া চরিত্রের মাঝে প্রকাশ পেয়েছে–** ★★★

i. লোভী নারীর চাল-চরিত্র
ii. পল্লিমায়ের শাশ্বত রূপ
iii. সন্তানদের প্রতি মমতাময়ী মায়ের স্বভাবসুলভ ব্যবহার

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও।**

ফটিক খুব ডানপিটে স্বভাবের। সারাদিন বন-বাদাড়ে ঘুরে বেড়ানোই তার কাজ। ঘুড়ি ওড়ানো, নদীতে গোসল করা, গাছে উঠে ফল পাড়া সারাদিন এসব নিয়েই সে ব্যস্ত থাকে। বাড়ির সাথে তার শুধু খাওয়ার সম্পর্ক। ক্ষুধা লাগলে মায়ের কাছ থেকে খাবার খেয়ে আবার ছুটে যায় তার আপন ভুবনে।

**৬১. উদ্দীপকের ফটিকের মাঝে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রের প্রতিফলন ঘটেছে?**

PATHIB BOOKS

ⓚ অপুর ⓚ দুর্গার
ⓖ হরিহরের ⓖ সর্বজয়ার খ

**৬২. 'আম–আঁটির ভেঁপু' গল্পের আলোকে উদ্দীপকের ফটিক চরিত্রটি–**
i. প্রকৃতিঘনিষ্ঠ শৈশবকে ধারণ করে
ii. শিশুসুলভ চঞ্চলতা প্রকাশ করে
iii. দারিদ্র্যের মাঝেও আনন্দমুখর শিশুর প্রতিরূপ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ক

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** জীবিকার তাগিদে তিনু আর আরাফের মা সেই ভোরবেলায় বেরিয়ে যায়। কয়েক বাসায় কাজ করে তবেই বাড়ি ফেরে। তিন বেলা খাবার জোগাড় করতেই হিমশিম খেতে হয় তাকে। এদিকে বোনকে নিয়ে আরাফ সারা দিন মাঠে-ঘাটে, বনে-বাদাড়ে ঘুরে বেড়ায়। নাওয়া-খাওয়ার কোনো খবর নেই। কখনো নদীর ধারে কাশবনে হারিয়ে যাওয়া। কখনো বা খোলা মাঠে ঘুড়ি ওড়ানো তাদের কাজ। বাড়ি ফিরেও মলিন বিছানায় শুয়ে ভাই-বোনের সারা দিন ঘুরে বেড়ানোর গল্পই চলে সারাক্ষণ। [কুমিল্লা বোর্ড ২০২৩] ★★★
ক. দুর্গা নিরীহ মুখে বাড়ির মধ্যে ঢুকল কেন?
খ. "তোমার তো আবার গল্প করে বেড়ানো স্বভাব।"— এ কথাটি বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের ১ম অংশের সাথে 'আম-আঁটির সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো।
ঘ. উদ্দীপকের ২য় অংশে প্রতিফলিত দিকটিই 'আম-আঁটির ভেঁপু' গল্পের উপজীব্য বিষয়। বিশ্লেষণ করো।

**প্রশ্ন ২** রাহী ও রিহা দুই ভাই-বোন। সারাদিন ভিডিও গেম আর ফেসবুক নিয়ে ব্যস্ত। তাদের মা অতিকষ্টে সংসার সামলান। সারাদিন কাজ করতে করতে মা ক্লান্ত। তারপর আছে তাদের পছন্দের খাবার তৈরির বায়না। বাবার আয়ও সীমিত। কিন্তু রিহা-রাহীর তাতে কিছু আসে যায় না। আপন ভুবন নিয়েই ওরা ব্যস্ত। মা বিরক্ত হলেও ভাই-বোন ওদের মতো। [বরিশাল বোর্ড ২০২৩] ★★★
ক. "রোসো রোসো একটুখানি হাঁফ জিরোতে দাও।"— উক্তিটি কার?
খ. হরিহর রায়ের বাড়ির অবস্থা কেমন?

DATHIB BOOKS

গ. উদ্দীপকের রিহার সাথে 'আম-আঁটির ভেঁপু গল্পের সাদৃশ্যপূর্ণ চরিত্রের তুলনা করো।

ঘ. প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের চরিত্রদ্বয়ের আপন ভুবন 'আম-আটির ভেঁপু" গল্পের বক্তব্যকে ধারণ করে কি? – মতামত দাও।

**প্রশ্ন ৩** ১ম অংশ: হে সূর্য তুমি তো জানো,
আমাদের গরম কাপড়ের কত অভাব!
সারারাত খড়কুটো জ্বালিয়ে
এক টুকরো কাপড়ে কান ঢেকে
কত কষ্টে আমরা শীত আটকাই!
২য় অংশ: আমারে চেনো না? আমি যে কানাই! ছোকানু আমার বোন।
তোমার সঙ্গে বেড়াবো আমরা
মেঘনা, পদ্মা, শোন! [দিনাজপুর বোর্ড ২০২০] ★★★

ক. কালমেঘ' কী?

খ. হরিহর সদ্‌গোপদের প্রস্তাবে তাৎক্ষণিকভাবে রাজি হলো না কেন?

গ. উদ্দীপকের ১ম অংশে 'আম-আঁটির ভেঁপু' গল্পের যে ভাবটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো।

ঘ. "উক্ত প্রতিফলিত ভাবটি উদ্দীপকের ২য় অংশের সাথে 'আম- আঁটির ভেঁপু' গল্পের সাদৃশ্যপূর্ণ ভাবকে স্পর্শ করতে পারেনি"— মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

**প্রশ্ন ৪** ভয় নেই ঘৃণা নেই ওর দেহটাতে
কোলাব্যাঙ তুলে ধরে খপ করে
বাগানে আছে খোটা পোতার এক গর্ত
তার মধ্যে সেটা পোষে-
পোকামাকড় দেয় খেতে।
গুবরে পোকা কাগজের বাক্সোয় এনে রাখে
খেতে দেয় গোবরের গুটি
কেউ ফেলে দিতে গেলে অনর্থ বাঁধে
ইস্কুলে যায় পকেটে নিয়ে কাঠবিড়ালী। [যশোর বোর্ড ২০২২] ★★★

ক. হরিহর রায়ের জ্ঞাতি ভ্রাতার নাম কী?

PARTHIB BOOKS

খ. 'আজকাল চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা'— বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের ছেলেটার সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. 'উদ্দীপকে বর্ণিত ভাববস্তু শিশু-কিশোর মনের আনন্দেরই বহিঃপ্রকাশ।' মন্তব্যটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের আলোকে বিশ্লেষণ করো।

**প্রশ্ন ৫** পুতুলের মা খুকি আজ ভয়ানক ব্যস্ত। আজ কি না ছোট্ট পুতুলের জন্মদিন, তাই খুব খাওয়ার ধুম লেগেছে। ছোট্ট টেবিলের ওপর ছোট্ট ছোট্ট থালা-বাটি সাজিয়ে তার মধ্যে কী চমৎকার করে খাবার তৈরি করে রাখা হয়েছে। আর চারিদিকে সত্যিকারের ছোট্ট ছোট্ট চেয়ার সাজানো রয়েছে, পুতুলেরা বসে খাবে বলে। [বরিশাল বোর্ড ২০২২] ★★★

ক. 'কালমেঘ' কী?

খ. 'আমার কাপড় যে বাসি'–অপু একথা কেন বলেছিল?

গ. উদ্দীপকের সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটির ব্যাখ্যা করো।

ঘ. "উক্ত সাদৃশ্যপূর্ণ দিকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের সর্বজয়ার ঘর ছেড়ে এক দিকে বেরিয়ে যেতে চাওয়ার কারণ নয়"— মূল্যায়ন করো।

**প্রশ্ন ৬** সালেহা বেগমের একমাত্র সন্তান রহিম ভীষণ চঞ্চল। সারাক্ষণ ঘুড়ে বেড়ানোই তার কাজ। সে কখনো নদীর তীরে, কখনো বনেবাদাড়ে ঘুড়ে কোন বাগানে বরই পেকেছে, কাঁঠাল পেকেছে, কোন গাছের আম মিষ্টি— এসব খবর' রহিমের চেয়ে কেউ ভালো জানে না। তার মা সালেহা বেগম অন্যের বাড়িতে কাজ করে সংসার চালায়। শত কষ্ট করেও পঙ্গু স্বামী ও মুখে দু'বেলা দু'মুঠো খাবার জোটাতে হিমশিম খেতে হয় তাকে। যা নিয়ে সে সব সময়ে উদবিগ্ন ও ব্যস্ত থাকে। [কুমিল্লা বোর্ড ২০২২] ★★★

ক. গরাদ কী?

খ. হাবা একটা কোথাকার, যদি এতটুকু বুদ্ধি থাকে- কথাটি বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপকে রহিমের আচরণে 'আম-আঁটির ভেঁপু' গল্পের যে দিকটির ছায়াপাত ঘটেছে তা ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের সালেহা বেগম ও আম-আঁটির ভেঁপু গল্পের সর্বজয়ার উদ্‌বিগ্নতার স্বরূপ একই"— বিশ্লেষণ করো।

PARTHIB BOOKS

## জ্ঞানমূলক

প্রশ্ন-১. দুর্গার বয়স কত? [য. বো. ১৭; ময়মনসিংহ জিলা স্কুল] ★★★

উত্তর: দুর্গার বয়স দশ-এগারো বছর।

প্রশ্ন-২. "রোসো রোসো একটুখানি হাঁফ জিরোতে দাও।"— উক্তিটি কার? [ব. বো. ২৩] ★★★

উত্তর: "রোসো রোসো একটু খানি হাঁফ জিরোতে দাও।"— উক্তিটি সর্বজয়ার।

প্রশ্ন-৩. 'পথের পাঁচালী' কার লেখা? [বগুড়া জিলা স্কুল] ★★★

উত্তর: 'পথের পাচালী' বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা।

প্রশ্ন-৪. কোন উপন্যাসের জন্য বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রবীন্দ্র- পুরস্কারে ভূষিত হন? [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ] ★★★

উত্তর: 'ইছামতি' উপন্যাসের জন্য বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রবীন্দ্র- পুরস্কারে ভূষিত হন।

প্রশ্ন-৫. হরিহরের পুত্র কোথায় বসে খেলা করছিল? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা] ★★★

উত্তর: হরিহরের পুত্র ঘরের রোয়াকে বসে খেলা করছিল।

প্রশ্ন-৬. অপুর খেলনা পিস্তলটির দাম কত পয়সা? [বরিশাল জিলা স্কুল] ★★★

উত্তর: অপুর খেলনা পিস্তলটির দাম দুই পয়সা।

প্রশ্ন-৭. 'আম-আঁটির ভেঁপু" গল্পটির উৎস কী? [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেডা, ঢাকা, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, লালমনিরহাট] ★★★

উত্তর: 'আম-আঁটির ভেপু' শীর্ষক গল্পটির উৎস 'পথের পাঁচালী' উপন্যাস।

প্রশ্ন-৮. হরিহর কাজ সেরে কখন বাড়ি ফিরল? [চ. বো. ১৬] ★★★

উত্তর: হরিহর কাজ সেরে দুপুরের কিছু পর বাড়ি ফিরল।

প্রশ্ন-৯. রায়বাড়িতে হরিহর কত টাকা বেতনে চাকরি করতেন? [পুলিশ লাইন উচ্চ বিদ্যালয়] ★★★

উত্তর: রায়বাড়িতে হরিহর আট টাকা বেতনে চাকরি করতেন।

প্রশ্ন-১০. আজকাল লক্ষ্মী কোথায় বাঁধা পড়েছে? [কু. বো. ১৬; সি. বো. ১৬] ★★★

উত্তর: আজকাল চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা পড়েছে।

PARTHIB BOOKS

প্রশ্ন-১১. পিজরাপোলের আসামি' কী? [চ. বো. ১৯, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর] ★★★

উত্তর: "পিজরাপোলের আসামি' হলো খাঁচায় পড়ে থাকা অবহেলিত আসামি।

প্রশ্ন-১২. দুর্গা নিরীহ মুখে বাড়ির মধ্যে ঢুকল কেন? [কু. বো. ২৩] ★★★

উত্তর: দুর্গা মায়ের ভয়ে নিরীহমুখে বাড়ির মধ্যে ঢুকল।

প্রশ্ন-১৩. অপুর কাছে কত টাকা দামের পিস্তল ছিল? ★★★

উত্তর: অপুর কাছে দুই পয়সা দামের পিস্তল ছিল।

প্রশ্ন-১৪. অপুর খেলনা পিস্তলের দাম কত ছিল? ★★★

উত্তর: অপুর খেলনা পিস্তলের দাম ছিল দু'পয়সা।

প্রশ্ন-১৫. অপুর পিঠে কে কিল দিল? ★★★

উত্তর: অপুর পিঠে দুর্গা কিল দিল।

প্রশ্ন-১৬. "আম-আঁটির ভেঁপু" গল্পটি কোন উপন্যাসের অন্তর্গত? ★★★

উত্তর: "আম-আঁটির ভেঁপু' গল্পটি পথের পাঁচালী' উপন্যাসের অন্তর্গত।

প্রশ্ন-১৭. হরিহরের পুত্রের নাম কী?

উত্তর: হরিহরের পুত্রের নাম অপু।

প্রশ্ন-১৮. খাপরা দিয়ে কী খেলা হয়?

উত্তর: খাপরা দিয়ে গঙ্গা-যমুনা খেলা হয়।

## অনুধাবনমূলক

১. "তোমার তো আবার গল্প করে বেড়ানো স্বভাব।"— এ কথাটি বুঝিয়ে লেখো। [কুমিল্লা বোর্ড ২০২৩] ★★★

২. হরিহর রায়ের বাড়ির অবস্থা কেমন? [বরিশাল বোর্ড ২০২৩] ★★★

৩. হরিহর সদ্‌গোপদের প্রস্তাবে তাৎক্ষণিকভাবে রাজি হলো না কেন? [দিনাজপুর বোর্ড ২০২০] ★★★

৪. 'আজকাল চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা'— বলতে কী বোঝানো হয়েছে? [যশোর বোর্ড ২০২২] ★★★

৫. 'আমার কাপড় যে বাসি'-অপু একথা কেন বলেছিল? [বরিশাল বোর্ড ২০২২] ★

৬. হাবা একটা কোথাকার, যদি এতটুকু বুদ্ধি থাকে- কথাটি বুঝিয়ে লেখো। [কুমিল্লা বোর্ড ২০২২] ★★★

PARTHIB BOOKS

# মানুষ মুহম্মদ (স.)

## মোহাম্মদ ওয়াজেদ আলী

### সৃজনশীল বহুনির্বাচনি

১. **'ধী' শব্দটির অর্থ কী?** [চট্টগ্রাম বোর্ড ২০২২] ★★★
ক ধুরন্ধর খ বুদ্ধি
গ স্থির ঘ চঞ্চল
উত্তর: খ

২. **'হিজরত' শব্দের অর্থ কী?** [ঢাকা বোর্ড ২০১৬] ★★★
ক প্রার্থনা খ বাতি
গ পরিত্যাগ ঘ বন্ধু
উত্তর: গ

৩. **কোথায় সত্য প্রচার করতে গিয়ে হযরত মুহম্মদ (স.) প্রস্তারাঘাতে আহত হন?** [ঢাকা বোর্ড ২০২৩, দিনাজপুর বোর্ড ২০১৫] ★★★
ক মদিনায় খ মক্কায়
গ তায়েফে ঘ জেদ্দায়
উত্তর: গ

৪. **কোন যুদ্ধে মুহম্মদ (স.)–এর মিথ্যা পরাজয়ের সংবাদ শুনে কাফেররা আনন্দে আত্মহারা হয়েছিল?** [বরিশাল বোর্ড ২০২২] ★★★
ক বদরের যুদ্ধে খ ওহোদের যুদ্ধে
গ খন্দকের যুদ্ধে ঘ খয়বরের যুদ্ধে
উত্তর: ঘ

৫. **হুদায়বিয়ার সন্ধি মুসলমানদের জন্য কেমন ছিল?** [ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক অপমানের খ গৌরবের
গ লাভজনক ঘ প্রতিশোধের
উত্তর: ক

৬. **মুহম্মদ (স.)–এর মৃত্যুর পর কার গম্ভীর উক্তিতে সকলের চৈতন্য হলো?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★
ক উমর (রা.)–এর খ আবু বকর (রা.)–এর
গ আয়েশা (রা.)–এর ঘ উসমান (রা.)–এর
উত্তর: খ

৭. **মুহম্মদ (স.) এর মৃত্যু সংবাদ শুনে কার শিথিল অঙ্গ মাটিতে লুটায়?** [খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক আবু বকর (রা.)–এর খ উমর (রা.)–এর
গ আয়েশা (রা.)–এর ঘ আবু মা'বুদের
উত্তর: খ

PARTHIB BOOKS

৮. **বক্তৃতার মাঝখানে মুহম্মদ (স.)–কে প্রশ্ন করে থামিয়েছিল কে?**[রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ⓚ আবু বকর (রা.) ⓚ উমর (রা.)
ⓖ জনৈক পথচারী ⓖ জনৈক অন্ধ **ঘ**

ক) আবু বকর (রা.) খ) উমর (রা.)
গ) জনৈক পথচারী ঘ) জনৈক অন্ধ **ঘ**

৯. **অন্ধ ব্যক্তিটি প্রশ্ন করায় মুহম্মদ (স.)–এর ললাট সামান্য কুঞ্চিত হলো কেন?**
ক) রাগে খ) দুঃখে
গ) বিরক্তিতে ঘ) ঘৃণায় **গ**

১০. **"হযরত মুহম্মদ (স.) আমাদের মতোই রক্ত–মাংসে গড়া মানুষ" এ কথা আবু বকর (রা.) কাদের বুঝিয়ে দিলেন?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★
ক) পৌত্তলিকদের খ) তায়েফবাসীদের
গ) মূর্ছিত ম্সলমানদের ঘ) উমর (রা.)–কে **গ**

১১. **মোহাম্মদ ওয়াজেদ আলী পেশা হিসেবে কোনটি গ্রহণ করেন?** [খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক) শিক্ষকতা খ) আইন ব্যবসা
গ) সাংবাদিকতা ঘ) ব্যবসায় **গ**

১২. **শেষ পর্যন্ত মুহম্মদ (স.)–এর মৃত্যুশয্যার পাশে ছিলেন কে?** [রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক) আবু বকর (রা.) খ) উমর (রা.)
গ) উসমান (রা.) ঘ) আলী (রা.) **ক**

১৩. **হযরত মুহম্মদ (স.) মানুষের মন আকর্ষণ করেছিলেন কী দ্বারা?** [ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক) বংশমর্যাদা দ্বারা খ) মানবীয় গুণাবলি দ্বারা
গ) ক্ষমতা দ্বারা ঘ) শক্তি দ্বারা **খ**

১৪. **মক্কা থেকে মদিনায় হিজরতের পথে মুহম্মদ (স.) কার কুটিরে আশ্রয় নেন?**
ক) আবু বকরের খ) আবু মা'বদের
গ) উসমান (রা.)–এর ঘ) উমাইর (রা.)–এর **খ**

১৫. **রাহী–পথিকদের সেবা করা কাদের ব্রত ছিল?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★
ক) আবু মাবদ দম্পতির খ) মক্কাবাসীর
গ) মদিনার মুসলমানদের ঘ) তায়েফবাসীর **ক**

১৬. **মুহম্মদ (স.) আশ্রয় গ্রহণ করলে উম্মে মাবদ কী দিয়ে হযরতের তৃষ্ণা নিবারণ করেন?** [খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

PARTHIB BOOKS

ক) বনফুল খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) আহসান হাবীব **খ**

**৪৫. ঔপন্যাসিক হিসেবে সবচেয়ে বেশি জনপ্রিয় কে? ★★★**
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) হুমায়ুন আহমেদ **গ**

**৪৬. সাহিত্যের প্রধান লক্ষণ কী? ★★★**
ক) সৃজনশীলতা খ) মৌলিকত্ব
গ) সাবলীল ভাষা ঘ) পাঠকপ্রিয়তা **ক**

**৪৭. প্রবন্ধের প্রধান শ্রেণিবিভাগ কয়টি? ★★★**
ক) তিনটি খ) দুটি
গ) চারটি ঘ) পাঁচটি **খ**

**৪৮. প্রবন্ধের উদ্দেশ্য কী? ★★★**
ক) রচয়িতার ব্যক্তিগত অভিজ্ঞতা বর্ণনা
খ) পাঠকের আকাঙ্ক্ষা সম্পর্কে ধারণা দান
গ) পাঠকের বিস্তার পরিশুদ্ধি ঘটানো
ঘ) পাঠকের জ্ঞান তৃষ্ণাকে পরিতৃপ্ত করা **ঘ**

**৪৯. রবীন্দ্রনাথের অধিকাংশ প্রবন্ধ কী ধরনের?**
ক) মন্ময় খ) তন্ময়
গ) দীর্ঘ ঘ) নাতিদীর্ঘ **ক**

PARTHIB BOOKS

**৫০. 'বিচিত্র প্রবন্ধ' গ্রন্থটির রচয়িতা কে?** ★★★

ক আহমদ শরীফ　　খ হুমায়ুন আজাদ

গ রবীন্দ্রনাথ ঠাকুর　　ঘ কাজী নজরুল ইসলাম　　**গ**

**৫১. কোন রচনার বিষয় গুরুগম্ভীর হতে পারে কিন্তু প্রকাশ গুরুগম্ভীর হলে চলে না?**

ক প্রবন্ধ　　খ গল্প

গ রম্য　　ঘ উপন্যাস　　**গ**

**৫২. বাংলা ভাষায় রচিত প্রবন্ধ সাহিত্যের গুণগত মান কেমন?** ★★★

ক অতি উত্তম　　খ মোটামুটি

গ তেমন ভালো নয়　　ঘ সন্তোষজনক নয়　　**ক**

**৫৩. প্রবন্ধ সাহিত্যের প্রবহমানতা কোন সাহিত্যের সময় থেকে শুরু হয়েছে?**

ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর　　খ রবীন্দ্রনাথ ঠাকুর

গ কাজী নজরুল ইসলাম　　ঘ রাজা রামমোহন রায়　　**ঘ**

**৫৪. হাসান আজিজুল হক কী হিসেবে পরিচিত?** ★★★

ক কথাশিল্পী　　খ নাট্যকার

গ কবি　　ঘ অভিনেতা　　**ক**

**৫৫. কেউ যখন সাহিত্যের কোনো একটি শাখার উৎপত্তি ও বিকাশ সম্পর্কে প্রশ্ন করে তখন সে কোনটি সম্পর্কে জানতে চায়?** ★★★

ক সাহিত্যের রূপ　　খ সাহিত্যের রীতি

গ সাহিত্যের অনুভূতি　　ঘ সাহিত্যের সৌন্দর্য　　**খ**

**৫৬. বাংলা ভাষায় মহাকাব্যের চূড়ান্ত সফল রূপ প্রকাশিত হয়েছে কার লেখায়?**

ক রবীন্দ্রনাথ ঠাকুর　　খ কাজী নজরুল ইসলাম

গ মাইকেল মধুসূদন দত্ত　　ঘ মীর মশাররফ হোসেন　　**গ**

**৫৭. সীতা কার পত্নী?** ★★★

ক রাবণ　　খ রামচন্দ্র

গ লক্ষ্মণ　　ঘ কৃষ্ণ　　**খ**

**৫৮. শূর্পনখা কে?** ★★★

ক রাবণের স্ত্রী　　খ রামের স্ত্রী

গ রাবনের বোন　　ঘ রামের বোন　　**গ**

**৫৯. রাজা রাবণ কেন সীতাকে অপহরণ করে?** ★★★

ক বিয়ে করার জন্য　　খ বর পাওয়ার জন্য

গ বোনের সম্মান রক্ষার জন্য　　ঘ রাজত্ব বাঁচানোর জন্য　　**গ**

**৬০. রাবণের রাজত্ব কোথায়?**

PARTHIB BOOKS

ক করুক্ষেত্রে খ মহাভারতে
গ লঙ্কায় ঘ অরুণাচলে **গ**

**৬১. রামায়ণের মূল কাহিনি কোনটিকে ঘিরে অবর্তিত হয়েছে?** ★★★

ক রাম–রাবণের দ্বন্দ্ব খ রাম–লক্ষণের দ্বন্দ্ব
গ রাম–সীতার দ্বন্দ্ব ঘ রাম–শূর্পনখার দ্বন্দ্ব **ক**

**৬২. মহাকাব্যকে এক কথায় কী বলা যায়?** ★★★

ক অতিশয় ক্ষুদ্র ভক্তিমূলক কবিতা
খ অতিশয় দীর্ঘ ভক্তিমূলক কবিতা
গ অতিশয় ক্ষুদ্র কাহিনি–কবিতা
ঘ অতিশয় দীর্ঘ কাহিনি–কবিতা **ঘ**

**৬৩. 'বক্তার ভাবোচ্ছ্বাসের পরিস্ফুটন মাত্র যাহার উদ্দেশ্য, সেই কাব্যই গীতিকাব্য।'– কার মন্তব্য?**

ক মধুসূদনের খ রবীন্দ্রনাথের
গ বঙ্কিমচন্দ্রের ঘ রজনীকান্তের **গ**

**৬৪. সাহিত্যের কোন রূপটি সরাসরি সমাজ ও পাঠকগোষ্ঠীকে প্রভাবিত করতে সক্ষম হয়?**

ক কবিতা খ ছোটগল্প
গ নাটক ঘ মহাকাব্য **গ**

**৬৫. সংস্কৃত আলঙ্কারিকবৃন্দ নাট্যসাহিত্যকে কিসের মধ্যে গণ্য করেছেন?**

ক গদ্য সাহিত্য খ পদ্য সাহিত্য
গ আধুনিক সাহিত্য ঘ প্রাচীন সাহিত্য **খ**

**৬৬. নাটকের কাহিনি পরিণতির দিকে উত্তরণ ঘটে কোন অঙ্কে?** ★★

ক প্রবাহ খ উৎকর্ষ
গ উপসংহার ঘ গ্রন্থিমোচন **ঘ**

**৬৭. মিলনান্ত নাটককে ইংরেজি পরিভাষায় কী বলা হয়?** ★★★

ক Tragedy খ Comedy
গ Force ঘ Epic **খ**

**৬৮. এরিস্টোটল কে?** ★★★

ক রোমান সেনাপতি খ গ্রিক সম্রাট
গ ফরাসি সাহিত্যিক ঘ গ্রিক দার্শনিক **ঘ**

**৬৯. কোন ধরনের নাটককে সর্বশ্রেষ্ঠ মনে করা হয়?** ★★★

ক কমেডি খ ট্র্যাজেডি
গ প্রহসন ঘ শ্লেষাত্মক **খ**

PARTHIB BOOKS

৭০. মানবচরিত্রের যে কৌতুকপ্রদ দিক কাউকে পীড়ন না করে হাস্যরস সৃষ্টি করে তা কিসের উপজীব্য? ★★★
ⓚ কমেডি ⓚ ট্র্যাজেডি
ⓖ প্রহসন ⓖ প্যারোডি
ক

৭১. কমেডিতে মূলত কোনটি তুলে ধরা হয়? ★★★
ⓚ কুসংস্কার ⓚ অসঙ্গতি
ⓖ উন্নতি ⓖ অবনতি
খ

৭২. কার লেখনীতে সর্বপ্রথম ট্র্যাজেডি, কমেডি ও প্রহসন বাংলা ভাষায় সৃষ্টি হয়?
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ মাইকেল মধুসূদন দত্ত
গ দীনবন্ধু মিত্র ঘ দ্বিজেন্দ্রলাল রায়
খ

৭৩. 'নীলদর্পণ' কোন ধরনের নাটক? ★★★
ক পৌরাণিক খ সামাজিক
গ ঐতিহাসিক ঘ কাব্যধর্মী
খ

৭৪. কে একই সঙ্গে নাট্যকার ও অভিনেতা ছিলেন? ★★★
ক মধুসূদন দত্ত খ দীনবন্ধু মিত্র
গ দ্বিজেন্দ্রলাল রায় ঘ গিরিশচন্দ্র ঘোষ
ঘ

৭৫. নিচের কোনটি ঐতিহাসিক নাটক? ★★★
ক বুদ্ধদেব খ প্রফুল্ল
গ কালাপাহাড় ঘ নীলদর্পণ
গ

৭৬. দ্বিজেন্দ্রলাল রায় রচিত নাটক কোনটি? ★★★
ক শাজাহান খ কালাপাহাড়
গ নীলদর্পণ ঘ রক্তকরবী
ক

৭৭. রক্তকরবী, ডাকঘর ইত্যাদি কী ধরনের নাটক? ★★★
ক পৌরাণিক খ কাব্যধর্মী
গ প্রতীকধর্মী ঘ নৃত্যনাট্য
গ

৭৮. চল্লিশ–পঞ্চাশ বছর পূর্বে ছোটগল্পকে কী বলা হতো? ★★★
ক গল্প খ উপন্যাসিকা
গ কাহিনী ঘ প্রহসন
ক

৭৯. বাংলা সাহিত্যে 'ছোটগল্প' শব্দটির ব্যবহার কত দিনের পুরোনো? ★★
ক ১০–২০ বছর খ ৪০–৫০ বছর
গ ৬০–৭০ বছর ঘ ৯০–১০০ বছর
খ

৮০. ছোটগল্পের ক্ষেত্রে 'শেষ হইয়াও হইল না শেষ' কথাটি প্রযোজ্য কেন?

PARTHB BOOKS

ক কাহিনির ভেতর ঘটনা বোঝা যায় না
খ কাহিনির ভেতর ঘটনা থাকে না
গ কাহিনির ভেতর ঘটনার সম্পূর্ণ অংশ বলা হয় না
ঘ কাহিনির ভেতর ঘটনার শুরু বলা হয় না **গ**

**৮১. বাংলা ভাষায় উপন্যাস নিচের কোনটি থেকে অনুপ্রেরণা নিয়ে লেখা হয়েছে?**
ক গ্রীক সাহিত্য খ আরব সাহিত্য
গ ফরাসি সাহিত্য ঘ ইংরেজি সাহিত্য **ঘ**

**৮২. এডগার অ্যালান পো–এর মতো ছোটগল্প কত সময়ের মধ্যে পড়ে শেষ করতে পারা উচিত?**
ক ১০–২০ মিনিট খ ৩০ মিনিট – ২ ঘণ্টা
গ ২–৪ ঘণ্টা ঘ ৭ – ৮ ঘণ্টা **খ**

**৮৩. ছোটগল্পের আরম্ভ ও সমাপ্তি কেমন হওয়া উচিত?** ★★★
ক সাদামাটা খ একই রকম
গ নাটকীয় ঘ অপ্রাসঙ্গিক **গ**

**৮৪. 'মঙ্গলকাব্য' কোন সময়ের উদাহরণ?** ★★★
ক প্রাচীন যুগ খ মধ্যযুগ
গ রবীন্দ্র–পরবর্তী যুগ ঘ আধুনিক যুগ **খ**

**৮৫. বাংলা সাহিত্যে ছোটগল্প, উপন্যাস ইত্যাদি আধুনিক কালে যুক্ত হওয়ার কারণ কী?**
ক আগে সব কাব্যের ছন্দে রচিত হতো
খ আগে সব গদ্যে লেখা হতো
গ গদ্যের আবির্ভাব ঘটেছে অনেক পরে
ঘ আগে ছাপাখানা ছিল না **গ**

**৮৬. কোন সময়ের আগ পর্যন্ত বাংলা ভাষায় উপন্যাস লেখা হয়নি?** ★★★
ক ১৭ শতক খ ১৮ শতক
গ ১৯ শতক ঘ ২০ শতক **গ**

**৮৭. রাজপুত–জীবনসন্ধ্যা, মহারাষ্ট্র জীবনপ্রভাত ইত্যাদি কার লেখা উপন্যাস?**
ক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ রমেশচন্দ্র দত্ত
গ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় **খ**

**৮৮. বিষয়বস্তুর প্রাধান্য স্বীকার করে লেখা বস্তুনিষ্ঠ প্রবন্ধকে কী বলা হয়?** ★★
ক তন্ময় প্রবন্ধ খ মন্ময় প্রবন্ধ
গ চিন্ময় প্রবন্ধ ঘ মৃন্ময় প্রবন্ধ **ক**

**৮৯. ভক্তিগীতি ও দেশাত্মবোধক গান রচনার জন্য স্মরণীয় হয়ে আছেন কে?**

PATHAB BOOKS

ক অতুল প্রসাদ সেন খ গিরিশচন্দ্র ঘোষ
গ জসীম উদ্‌দীন ঘ মীর মশাররফ হোসেন ক

৯০. 'একাঙ্কিকা' কী? ★★★
ক এক ধরনের প্রবন্ধ খ এক ধরনের নাটক
গ এক ধরনের কবিতা ঘ এক ধরনের উপন্যাস খ

৯১. এরিস্টোটল কার শিষ্য ছিলেন? ★★★
ক প্লেটোর খ এডগার অ্যালন পো-র
গ সক্রেটিসের ঘ এইচ. জি. ওয়েল্‌স্-এর ক

৯২. বাংলা নাটকের যুগন্ধর পুরুষ বলা হয় কাকে? ★★★
ক রবীন্দ্রনাথ ঠাকুরকে খ গিরিশচন্দ্র ঘোষকে
গ অতুলপ্রসাদ সেনকে ঘ দ্বিজেন্দ্রলাল রায়কে খ

৯৩. ভারতবর্ষের বিখ্যাত একজন নৃপতি কে? ★★★
ক গিরিশচন্দ্র খ চন্দ্রগুপ্ত
গ চন্দ্রশেখর ঘ রমেশচন্দ্র খ

৯৪. 'কপালকুণ্ডলা' উপন্যাসের নামকরণ কী অনুযায়ী হয়েছে? ★★★
ক নায়কের নাম খ নায়িকার নাম
গ লেখকের নাম ঘ গ্রামের নাম খ

৯৫. 'চন্দ্রগুপ্ত' নাটকটির প্রকাশকাল কোনটি? ★★★
ক ১৯০৯ সাল খ ১৯১০ সাল
গ ১৯১১ সাল ঘ ১৯১২ সাল গ

৯৬. 'সধবার একাদশী' কী ধরনের নাটক? ★★★
ক সামাজিক খ ঐতিহাসিক
গ ট্রাজেডি ঘ প্রহসন খ

৯৭. প্রথম বাঙালি কমিশনারের নাম কী? ★★★
ক গিরিশচন্দ্র ঘোষ খ রমেশচন্দ্র দত্ত
গ রজনীকান্ত সেন ঘ সমরেশ বসু খ

৯৮. 'গৌড়ীয় ব্যাকরণ'– কার লেখা? ★★★
ক রমেশচন্দ্র দত্ত
খ রাজা রামমোহন রায়
গ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
ঘ গিরিশচন্দ্র ঘোষ খ

৯৯. 'বন্দে মাতরম' অর্থ কী? ★★★

PARTHIB BOOKS

ক মাকে বন্দনা করি খ নতুনকে গ্রহণ করি
গ অন্যায় বন্ধ করি ঘ মুক্তির শপথ নিই ক

**১০০. 'বন্দে মাতরম' গানটি বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের সঙ্গে সম্পর্কযুক্ত?**
ক কপালকুণ্ডলা খ বিষবৃক্ষ
গ আনন্দমঠ ঘ চন্দ্রশেখর গ

**১০১. 'মহাভারত'–এর মূল রচনা কোন ভাষায় করা হয়? ★★★**
ক বাংলা খ হিন্দি
গ পলি ঘ সংস্কৃত ঘ

**১০২. মুক্তিযুদ্ধের সময় শহিদ হন কোন লেখক? ★★★**
ক শহীদুল্লা কায়সার খ হাসান আজিজুল হক
গ রমেশচন্দ্র দত্ত ঘ সমরেশ বসু ক

**১০৩. 'সাহিত্য সন্দর্শন' গ্রন্থের রচয়িতা কে? ★★★**
ক রমেশচন্দ্র দত্ত খ হাসান আজিজুল হক
গ শ্রীশচন্দ্র দাস ঘ হুমায়ুন আজাদ গ

**১০৪. প্রাচীন সংস্কৃত সাহিত্য নিয়ে পুরনো আমলে যাঁরা গবেষণা করেছেন তাঁদের কী বলা হয়? ★★★**
ক সংস্কৃতিকর্মী খ আলঙ্কারিকবৃন্দ
গ সংস্কৃতজন ঘ অলঙ্কারিক খ

**১০৫. নিচের কোনটি পৌরাণিক চরিত্র? ★★★**
ক জনা খ কালাপাহাড়
গ চন্দ্রশেখর ঘ চন্দ্রগুপ্ত ক

**১০৬. মহাকাব্য হলো–**
i. দীর্ঘ কাহিনি কবিতা
ii. আয়তনে বিশাল
iii. যুদ্ধ–বিগ্রহের বর্ণনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

**১০৭. প্রবন্ধের বৈশিষ্ট্য হলো–**
i. গদ্যে লিখিত হতে হবে
ii. আকারে বড় হবে না
iii. সৃজনশীলতা থাকতে হবে

PARTHIB BOOKS

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii

ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **ঘ**

**১০৮. সাহিত্যের মূল উদ্দেশ্য–**

i. পাঠককে আনন্দদান

ii. সৌন্দর্য সৃষ্টি

iii. পাঠকের মনোরঞ্জন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও।**

জাগিয়া উঠিছে প্রাণ
ওরে উথলি উঠেছে বারি,
ওরে প্রাণের বাসনা প্রাণের আবেগ
রুধিয়া রাখিতে নারি।

**১০৯. 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে উল্লিখিত রচনাটিকে কী বলা যায়?**

ক ছোটগল্প খ গীতিকবিতা

গ মহাকাব্য ঘ নাটক **খ**

**১১০. যে যুক্তিতে বলা যায়–**

i. আকারে ছোট

ii. ছন্দোবন্দ ভাষায় লিখিত

iii. বক্তার ভাবোচ্ছ্বাসের পরিস্ফুটন ঘটেছে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** লিজা ও নেহা দুই বান্ধবীই সাহিত্যপ্রেমী, তবে একটু ভিন্ন প্রকৃতির। লিজা ধৈর্য ধরে ঘণ্টার পর ঘণ্টা একটানা বই পড়তে আগ্রহী নয়। অল্প সময়ের মধ্যে পড়ে শেষ করা যায় এমন ছোটো ছোটো বিশেষ ঘটনাই লিজাকে আনন্দ দেয়। অপরদিকে নেহার পছন্দ সাহিত্যের সবচেয়ে প্রাচীন শাখাটি। সমাজকে সরাসরি প্রভাবিত করতে সক্ষম হয় বলে সাহিত্যের এই শাখা নেহার এত ভালো লাগে। [ঢাকা বোর্ড ২০২৩]

PATHIB BOOKS

ক. 'সাহিত্য সন্দর্শন' গ্রন্থের রচয়িতা কে?

খ. মধ্যযুগে রচিত মঙ্গলকাব্যসমূহকে উপন্যাস বলা যায় না কেন? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের লিজাকে সাহিত্যের যে শাখাটি আনন্দ দেয় সেটি "সাহিত্যের রূপ ও রীতি" প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো।

ঘ. সাহিত্যের প্রাচীন শাখাটিকে নেহার, ভালো লাগার কারণটি, কতখানি যৌক্তিক বলে তুমি মনে করো? "সাহিত্যের রূপ ও রীতি" প্রবন্ধের আলোকে তোমার মতামত দাও।

**প্রশ্ন ২** প্রমিত ও অনুরাগ দুই বন্ধু। পাঠ্যবইয়ের পাশাপাশি তারা সাহিত্যবিষয়ক বই পড়তে খুবই পছন্দ করে। প্রমিত গদ্যে লিখিত বৃহৎ পরিধির কাহিনিনির্ভর সাহিত্য পড়তে ভালোবাসে। অপরদিকে অনুরাগ আধঘণ্টা থেকে এক ঘণ্টার মধ্যে পড়ে ওঠা যায়, এমন কাহিনিই পড়তে স্বাচ্ছন্দ্যবোধ করে। সাহিত্যের এ শাখাটি অনুরাগের খুব প্রিয়। [দিনাজপুর বোর্ড ২০২৩] ★★★

ক. কোন ধরনের প্রবন্ধে ব্যক্তিহৃদয় প্রাধান্য পায়?

খ. নাটকের লক্ষ্য সর্বকালেই দর্শকসমাজ— কেন? বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপকে প্রমিতের পছন্দের সাহিত্যটি 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের কোন শাখাকে নির্দেশ করে? ব্যাখ্যা করো।

ঘ. "অনুরাগের প্রিয় শাখাটি উদ্দীপকে উল্লিখিত দিক ছাড়াও আরও অনেক বৈশিষ্ট্যপূর্ণ"— 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো।

**প্রশ্ন ৩** উদ্দীপক-১: বাংলা শিক্ষক ইলিয়াস সাহেব নবম শ্রেণিতে সাহিত্যে রূপ ও রীতি প্রবন্ধটি পড়াতে গিয়ে সাহিত্যের একটি নতুন শাখা নিয়ে কথা বলছিলেন। এর বৈশিষ্ট্য সম্পর্কে তিনি বলছিলেন, এর পরিধি খুবই সীমিত। পাত্র-পাত্রীও থাকে স্বল্প সংখ্যক। যার শুরু হয় হঠাৎ করে আবার শেষও হয় হঠাৎ করে।

উদ্দীপক-২: সাহিত্যের একটি শাখা পাঠকসমাজে খুবই জনপ্রিয়, যার নই পরিসর যেমন বিস্তৃত তেমনি পাত্র-পাত্রীর সংখ্যাও অধিক। রচয়িতার কুদর্শন ও ঘটনার আবর্তন বিবর্তনের মধ্য দিয়ে এর কাহিনি পরিণতির শি দিকে ধাবিত হয়। এর প্রধান উপজীব্য হচ্ছে প্লট বা আখ্যানভাগ। এটি পাঠককে ধীরে ধীরে পরিণতির দিকে নিয়ে যায়। [যশোর বোর্ড ২০২২] ★★★

ক. বাংলা নাটকের মোড় ঘুরিয়ে দেন কে?

খ. ট্র্যাজেডি বলতে কী বোঝায়?

PARTHIB BOOKS

গ. উদ্দীপক-১ এ সাহিত্যের যে শাখার প্রতি ইঙ্গিত করা হয়েছে তা 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো।

ঘ. 'উদ্দীপক-১ এর সাথে উদ্দীপক-২ এর বৈশিষ্ট্যগত ব্যবধান দৃশ্যমান'— 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধে যেভাবে আলোচিত হয়েছে তা তোমার মতের আলোকে বিশ্লেষণ করো।

**প্রশ্ন ৪** (i) মনোরমা স্কুলের ম্যাগাজিনের জন্য একটি লেখা জমা দেয়। তার লিখিত বিষয়টি ছিল, তথ্যবহুল ও সৃজনশীল। অতি দীর্ঘ না হলেও লেখাটিতে চিন্তনশীল মননের পরিচয় পাওয়া যায়।

(ii) একটি কাহিনি লেখকের সাবলীল বর্ণনায় পাঠকের চোখে ভেসে উঠে বেশকিছু চরিত্রের পদচারণায়। লেখকের সৃষ্টির মাঝে একাত্ম হয়ে মিশে যায় পাঠকের হৃদয় । জনপ্রিয় এই সাহিত্য মাধ্যমের দুর্বার আকর্ষণ রয়েছে। [রাজশাহী বোর্ড ২০২৩]

ক. বাংলা সাহিত্যে গীতিকবিতার আদি নিদর্শন কী?

খ. "নাটকের লক্ষ্য সর্বকালেই দর্শক সমাজ" – কথাটি কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপকের (i) নং অংশ 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধে বর্ণিত সাহিত্যের কোন শাখাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকে (ii) নং অংশের সাহিত্য শাখাটি পাঠকসমাজকে সবচেয়ে বেশি মুগ্ধ করে— 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে মূল্যায়ন করো।

**প্রশ্ন ৫** নীলা ও তনিমা একই শ্রেণিতে পড়ে। দু'জনের ইচ্ছা শ্রমজীবী মানুষকে নিয়ে সাহিত্য রচনা করবে। নীলা শ্রমজীবী মানুষের জীবনের বিভিন্ন অংশের স্মৃতিকে শব্দের ভিতর সাজিয়ে স্বপ্নময় করে ধ্বনির ঝংকারে ব্যক্ত করে। তনিমা কল্পনাশক্তি ও বুদ্ধিবৃত্তিকে কাজে লাগিয়ে তথ্য ও যুক্তির সাহায্যে তাদের জীবনধারা ব্যাখ্যা করে। [বরিশাল বোর্ড ২০২৩] ★★★

ক. মহাকাব্য কী?

খ. পাঠকসমাজে উপন্যাসই সর্বাধিক বহুল পঠিত ও জনপ্রিয়তার শীর্ষে কেন?

গ. উদ্দীপকের নীলার শ্রমজীবী মানুষের জীবনগাথা ব্যক্ত করার মাধ্যম 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের কোন শাখাকে নির্দেশ করে?

ঘ. "উদ্দীপকে প্রতিফলিত তনিমার সাহিত্য সৃষ্টির মাধ্যম 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের একটি গুরুত্বপূর্ণ শাখা।" উক্তিটির সঙ্গে তুমি কি একমত? বিশ্লেষণ করো।

PARTHIB BOOKS

**প্রশ্ন ৬** আমাদের বিদ্যালয়ে সার্ধ শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে এবার একটি বিশেষ ম্যাগাজিন প্রকাশ হতে যাচ্ছে। প্রধান শিক্ষক শিক্ষার্থীদের নিকট লেখা আহ্বান করেছেন। হাবিব বিদ্যালয়ের ১৫০ বছরের ঐতিহ্য, সাফল্য ইত্যাদির তথ্য-উপাত্ত সংগ্রহ করে তথ্যবহুল একটি মননশীল লেখা জমা দিয়েছে। আর মুস্তাফিজ জমা দিয়েছে তার মুক্তিযোদ্ধা দাদার জীবনের খণ্ড গল্প নিয়ে একটি ব্যঞ্জনাময় সরস লেখা। সম্পাদক হিসেবে লেখাটি পড়ে আমার হৃদয়ে অতৃপ্তির সৃষ্টি হয়েছে। [ময়মনসিংহ বোর্ড ২০২২] ★★★

ক. নাটকের লক্ষ্য কী?

খ. সংবাদপত্রের যাবতীয় খবরাখবর গদ্য ভাষায় রচিত হলেও তা প্রবন্ধ সাহিত্য নয় কেন?

গ. উদ্দীপকের হাবিবের লেখাটি 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের সাহিত্যের কোন শাখার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো।

ঘ. সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে উদ্দীপকের মুস্তাফিজের লেখাটির বৈশিষ্ট্যগুলো নিরূপণ করো।

## জ্ঞানমূলক

প্রশ্ন-১. মহাকাব্য কী? [ব. বো. ২৩] ★★★

উত্তর: মহাকাব্য হলো অতিশয় দীর্ঘ কাহিনি-কবিতা।

প্রশ্ন-২. কোন ধরনের প্রবন্ধে ব্যক্তিহৃদয় প্রাধান্য পায়? [দি. বো. ২৩] ★★★

উত্তর: মন্ময় প্রবন্ধে ব্যক্তিহৃদয় প্রাধান্য পায়।

প্রশ্ন-৩. বাংলা সাহিত্যে গীতিকবিতার আদি নিদর্শন কী? [রা. বো. ২৩]

উত্তর: বাংলা সাহিত্যে গীতিকবিতার আদি নিদর্শন বৈষ্ণব কবিতাবলি বলে।

প্রশ্ন-৪. নাটক সাধারণত কয় অঙ্কে বিভক্ত? [বিএএফ শাহীন কলেজ, ঢাকা, বগুড়া জিলা স্কুল] ★★★

উত্তর: নাটক সাধারণত পাঁচ অঙ্কে বিভক্ত।

প্রশ্ন-৫. মহাকাব্য কোন কাহিনি অবলম্বনে রচিত হয়? [সকল বোর্ড-২০১৮]

উত্তর: মহাকাব্য রচিত হয় যুদ্ধ-বিগ্রহের কোনো কাহিনিকে অবলম্বন করে।

প্রশ্ন-৬. 'গীতিকবিতা' কী? ★★★

PERTHIB BOOKS

উত্তর: 'গীতিকবিতা' হলো সংক্ষিপ্ত আকারে ভাবোচ্ছ্বাসের কবিতা।

প্রশ্ন-৭. বিশ্বসাহিত্যের সর্বাপেক্ষা প্রাচীন রূপ কোনটি? [সি. বো. ১৭] ★★★

উত্তর: বিশ্বসাহিত্যের সর্বাপেক্ষা প্রাচীন রূপ নাটক।

প্রশ্ন-৮. 'সাহিত্য সন্দর্শন' গ্রন্থের রচয়িতা কে? [চ. বো. ২৩] ★★★

উত্তর: 'সাহিত্য সন্দর্শন' গ্রন্থের রচয়িতা হলেন শ্রীশ চন্দ্র দাশ।

প্রশ্ন-৯. উপন্যাসের প্রধান উপজীব্য কী? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]

উত্তর: উপন্যাসের প্রধান উপজীব্য হলো প্লট।

প্রশ্ন-১০. কালাপাহাড় কে? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

উত্তর: কালাপাহাড় একজন দুর্ধর্ষ ও নিষ্ঠুর প্রকৃতির ঐতিহাসিক চরিত্র।

প্রশ্ন-১১. সাহিত্যের প্রধান লক্ষণ কী? [চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ] ★★

উত্তর: সাহিত্যের প্রধান লক্ষণ সৃজনশীলতা।

প্রশ্ন-১২. বাংলা ভাষার সার্থক ছোটোগল্পকার কে? [দৌলতখান সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ভোলা] ★★★

উত্তর: বাংলা ভাষার সার্থক ছোটোগল্পকার হলেন রবীন্দ্রনাথ ঠাকুর।

## অনুধাবনমূলক

১. সংবাদপত্রের যাবতীয় খবরাখবর গদ্য ভাষায় রচিত হলেও তা প্রবন্ধ সাহিত্য নয় কেন? [ময়মনসিংহ বোর্ড ২০২২] ★★★

২. পাঠকসমাজে উপন্যাসই সর্বাধিক বহুল পঠিত ও জনপ্রিয়তার শীর্ষে কেন? [বরিশাল বোর্ড ২০২৩] ★★★

৩. "নাটকের লক্ষ্য সর্বকালেই দর্শক সমাজ" – কথাটি কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখো। [রাজশাহী বোর্ড ২০২৩, দিনাজপুর বোর্ড ২০২৩] ★★★

৪. ট্র্যাজেডি বলতে কী বোঝায়? [যশোর বোর্ড ২০২২] ★★★

৫. মধ্যযুগে রচিত মঙ্গলকাব্যসমূহকে উপন্যাস বলা যায় না কেন? ব্যাখ্যা করো। [ঢাকা বোর্ড ২০২৩] ★★★

# নিয়তি

## হুমায়ুন আহমেদ

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **তক্ষক শব্দের অর্থ কী?** [রাজশাহী বোর্ড ২০১৯] ★★★
ক এক ধরনের বিষধর সাপ খ কুকুর
গ টিকটিকি ঘ পাখি — ক

২. **বন থেকে কীসের শব্দে লেখক আনন্দে ও আতঙ্কে শিউরে উঠতেন?** [বরিশাল বোর্ড ২০২৩] ★★★
ক বিত্রিত্র পাখি খ বিচিত্র পশু
গ বিচিত্র শব্দ ঘ বিচিত্র সাপ — গ

৩. **তিন ভাই–বোন কোথায় বসে গায়ে রোদ মাখে?** ★★
ক উঠোনের ঘাসে খ ঘরের বারান্দায়
গ মন্দিরের চাতালে ঘ বৈঠকখানায় — গ

৪. **বেঙ্গল টাইগারকে খানদানি বলা হয়েছিল কেন?** ★★★
ক আদব–কায়দার জন্য খ স্বতন্ত্র বৈশিষ্ট্যের জন্য
গ সুন্দর চেহারার জন্য ঘ বৈঠকখানায় — ক

৫. **হুমায়ুন আহমেদ কীভাবে মৃত্যুবরণ করেন?** ★★
ক সড়ক দুর্ঘটনায় খ ক্লোন ক্যান্সারে
গ ব্লাড ক্যান্সারে ঘ ডেঙ্গু রোগে — খ

৬. **জগদলের বাড়িটাকে মহারাজার বাড়ি বলা হয়েছে কেন?** ★★
ক বাড়ির ভেতরে জিনিসপত্র দেখে
খ বাড়িতে মহারাজার নাম লেখা দেখা
গ হাতিশাল, ঘোড়াশাল দেখে
ঘ বিরাটা অট্টলিকা দেখে — ক

৭. **বাড়ির মালিক দেশ ছেড়ে কোথায় গেছেন?** ★★★
ক আমেরিকা খ ফ্রান্স
গ ইতালি ঘ ইন্ডিয়া — ঘ

৮. **মহারাজার নাম কী?** ★★★
ক আকবর খ অমর সেন
গ অমলেশ সেন ঘ জানা নেই — ঘ

PERHIB BOOKS

৯. **মহারাজা কেমন ছিলেন?** ★★★

ⓚ ভীরু ⓚ সাহসী

ⓖ দয়ালু ⓖ ক্ষমতাশালী ঘ

১০. **মহারাজার বাড়িটি কোথায় ছিল?** ★★★

ক শহরে খ গ্রামে

গ রাস্তার পাশে ঘ জঙ্গলে ঘ

১১. **বন থেকে কী আসত?** ★★★

ক বিত্রিত্র পাখি খ বিচিত্র পশু

গ বিচিত্র শব্দ ঘ বিচিত্র সাপ গ

১২. **লেখকের জগদলে থাকাকালীন কী কুখ্যাত ছিল?** ★★★

ক ম্যালেরিয়া খ ফাইলেরিয়া

গ ডেঙ্গু ঘ ডায়রিয়া ক

১৩. **জ্বরের সময় লেখকের কাছে নিজেকে কিসের মতো মনে হয়?** ★★★

ক বাঘ খ সিংহ

গ রাক্ষস ঘ দৈত্য ঘ

১৪. **কুকুরটি কাবু কেন?** ★★★

ক অসুস্থ খ বয়সের ভারে

গ মালিকের শোকে ঘ জন্মগত কারণে খ

১৫. **কুকুরটি ঝিমুতে ঝিমুতে কিসের জন্য অপেক্ষা করে?** ★★★

ক মৃত্যুর জন্য

খ খাওয়ার জন্য

গ বেড়াতে যাওয়ার জন্য

ঘ কোনটিই নয় ক

১৬. **চারদিকে ঘন অন্ধকারের মধ্যে কী ডাকছে?** ★★★

ক তক্ষক খ পেঁচা

গ কাক ঘ ব্যাঙ ক

১৭. **অদ্ভুত শব্দের অর্থ কী?** ★★★

ক চমৎকার খ কুশ্রী

গ ভয়ংকর ঘ বীভৎস ক

১৮. **আবেশ বলতে কী বোঝ?** ★★★

ক ভাবাবেগ খ ভালোবাসা

গ এক ধরনের প্রতিক্রিয়া ঘ ছদ্মবেশ ক

PARTHIB BOOKS

১৯. **হুমায়ূন আহমেদের কোন গ্রন্থ থেকে 'নিয়তি' নামক গল্পটি সংকলিত হয়েছে?**

ⓚ আমার শৈশব ⓚ আমার ছেলেবেলা

ⓖ জগদলের সেই দিনগুলি ⓖ সেই কুকুরটি **খ**

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** বিকেল বেলা লাল গোরুটা ছুটতে ছুটতে এসে হাজির। নিধিরাম উঠানের ধারে বসে বেড়া বাঁধছিল। আর এদিক ওদিক নয়, লাল গোরুটা সোজা গিয়ে লম্বা মুখটা তার কাঁধের ওপর তুলে দিলো। ঠান্ডা নাকটা গায়ে লাগতেই নিধিরাম চমকে উঠল, এটা আবার কী? ওমা, এ যে লাল গোরুটা। অ্যা, কেমন করে এসে পড়ল? লাল গোরুটা তার ডাগর চোখ দুটি ওর মুখের দিকে তুলে ধরলো। ওর চোখ দুটো যেন কথা বলছে। যেন বলছে, তোমার এ কেমন আক্কেল বলোতো? আমাকে একা কোথায় পাঠিয়ে দিয়েছিলে? আমি কি তোমাদের ছেড়ে থাকতে পারি? গোরুতো মুখ ফুটে কথা বলতে পারে না। কিন্তু মনে মনে সে এ কথাই বলছিল। তারপর তাকে নিয়ে বাড়িসুদ্ধ হৈ হৈ পড়ে গেল। ছেলে-মেয়েরা চেঁচামেচি, মাতামাতি, নাচানাচি শুরু করে দিলো। নিধিরাম লাল গোরুর গলা জড়িয়ে ধরে বলল, আমার গোরু। [যশোর বোর্ড ২০২০] ★★★

ক. 'খাবার দেবার পর মুখে বলতে হয়— খাও।'— কাকে?

খ. 'নিয়তি' গল্পে 'মুক্তির মহানন্দ বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের লাল গোরুটা 'নিয়তি' গল্পের যে চরিত্রের প্রতিনিধিত্ব করে তা ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের নিধিরাম ও 'নিয়তি' গল্পের লেখক একই সূত্রে গাঁথা"— যুক্তিসহ বুঝিয়ে দাও।

**প্রশ্ন ২** সাবিয়াদের বাড়িতে সবাই বসন্ত রোগে আক্রান্ত। রোগটি ছোঁয়াচে গ্রামের কেউ ও বাড়িতে যায় না। এ রোগ যে বাড়িতে হয় ঐ বাড়ির কেউ বাঁচে না। কিন্তু বকুল ও বাড়িতে যায়, সবাইকে সেবা করে। বকুলের বিশ্বাস যে মরার সে মরবেই। তাই বলে অসুস্থ মানুষকে একা ফেলে রাখা যায় না। আর কেউ পাশে না থাকলেও বকুল সাবিয়াদের পাশে থাকবেই। ★★★

ক. নিয়তি গল্পের কুকুরটির নাম কী?

খ. 'কী আশ্চর্য অনুভূতি' কোন প্রসঙ্গে বলা হয়েছে?

গ. 'নিয়তি' গল্পের সাথে উদ্দীপকের কী সাদৃশ্য আছে?

PERFECT BOOKS

ঘ. উদ্দীপকে 'নিয়তি' গল্পের সমগ্র দিকটি প্রকাশ পায়নি।' উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর।

## জ্ঞানমূলক

প্রশ্ন-১. ম্যালেরিয়া রোগে আক্রান্ত না হওয়ার জন্য লেখকরা প্রতি রোববারে কত গ্রেন করে কী খেতেন? ★★★

উত্তর: ম্যালেরিয়া রোগে আক্রান্ত না হওয়ার জন্য লেখকরা প্রতি রোববারে পাঁচ গ্রেন করে কুইনাইন খেতেন।

প্রশ্ন-২. লেখকের কোন অসুখটা বেশ পছন্দ হয়েছিল? ★★★

উত্তর: লেখকের ম্যালেরিয়া অসুখটা বেশ পছন্দ হয়েছিল।

প্রশ্ন-৩. লেখক তাঁর ভাইবোনদের সাথে কোথায় বসে গায়ে রোদ মাখতেন?

উত্তর: লেখক তাঁর ভাইবোনদের সাথে মন্দিরের চাতালে বসে গায়ে রোদ মাখতেন।

প্রশ্ন-৪. 'নিয়তি' গল্পে 'বেঙ্গল টাইগার' কীসের নাম? ★★★

উত্তর: 'নিয়তি' গল্পে বেঙ্গল টাইগার পোষা কুকুরের নাম।

প্রশ্ন-৫. "খাবার দেবার পর মুখে বলতে হয়- খাও" – কাকে? [য. বো. ২০] ★★★

উত্তর: হুমায়ূন আহমেদ রচিত 'নিয়তি' গল্পে বেঙ্গল টাইগার নামক কুকুরটিকে খাবার দেবার পর মুখে বলতে হয়- খাও।

প্রশ্ন-৬. কার কাতরধ্বনি সহ্য করা মুশকিল? ★★★

উত্তর: বেঙ্গল টাইগারের কাতরধ্বনি সহ্য করা মুশকিল।

প্রশ্ন-৭. 'নিয়তি' গল্পটি আমাদের কী শিক্ষা দেয়?

উত্তর: 'নিয়তি' গল্পটি আমাদের প্রাণীর প্রতি সংবেদনশীল ও সহানুভূতিপ্রবণ হওয়ার শিক্ষা দেয়।

প্রশ্ন-৮. 'নিয়তি' গল্পটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে? ★★★

উত্তর: 'নিয়তি' গল্পটি 'আমার ছেলেবেলা' থেকে সংকলিত হয়েছে।

প্রশ্ন-৯. 'মহানন্দ' শব্দটি কোন অর্থ প্রকাশ করে? ★★★

উত্তর: 'মহানন্দ' শব্দটির অর্থ গভীর আনন্দ।

PARTHE BOOKS

## অনুধাবনমূলক

১. 'নিয়তি' গল্পে 'মুক্তির মহানন্দ বলতে কী বোঝানো হয়েছে? [য. বো. ২০] ★★

# কবিতাংশ

# বঙ্গবাণী

আবদুল হাকিম

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **'বঙ্গদেশী বাক্য' বলতে কবি কী বুঝিয়েছেন?** [রাজশাহী বোর্ড ২০২৩] ★★★
ⓚ বাংলা ভাষা ⓚ প্রাচীন বঙ্গীয় ভাষা
ⓖ মাতৃভাষা ⓖ বিদেশি ভাষা
ক

২. **কবি আবদুল হাকিম 'হিন্দুর অক্ষর' বলতে কী বোঝাতে চেয়েছেন?** [বরিশাল বোর্ড ২০২৩; সিলেট বোর্ড ২০২০] ★★★
ক সংস্কৃত ভাষা খ দেবদেবীর মহাত্মা কথা
গ বাংলা ভাষা ঘ হিন্দি ভাষা
গ

৩. **'সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন'– বাক্যে 'নিরঞ্জন' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [সিলেট বোর্ড ২০২২] ★★★
ক সুন্দর অর্থে খ সৃষ্টিকর্তা অর্থে
গ কৃশ্রী অর্থে ঘ ইচ্ছা অর্থে
খ

৪. **আবদুল হাকিম কোন শতকের কবি?** [ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক পঞ্চদশ খ সপ্তদশ
গ যষ্ঠদশ ঘ অষ্টাদশ
খ

৫. **'বঙ্গবাণী' কবিতাটি কোন মতকে রচিত হয়েছে?** [রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক মধ্যযুগে খ ষোড়শ শতক
গ সপ্তদশ শতকে ঘ ঊনবিংশ শতকে
গ

৬. **আবদুল হাকিম কোন যুগের কবি?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★
ক প্রাক–মধ্যযুগের খ মধ্যযুগের
গ আধুনিক যুগের ঘ মধ্যযুগ পরবর্তী
খ

৭. **'নূরনামা' কার লেখা?** [বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ] ★★

PARTHIB BOOKS

ক ফকির গরীবুল্লাহর খ মীরমশাররফ হোসেনের
গ আবদুল হাকিমের ঘ সেয়দ এমদাদ আলীল গ

৮. **'ইউসুফ জোলেখা' কী?** [ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক আবদুল হাকিমের উপন্যাস
খ দৌলত কাজীর কাব্য
গ আলাওলের কাব্য
ঘ আবুদল হাকিমের কাব্য ঘ

৯. **'শিহাবুদ্দিননামা' আবদুল হাকিমের কোন ধরনের রচনা?** ★★★
ক নাটক খ উপন্যাস
গ ছোটগল্প ঘ কাব্য ঘ

১০. **'নসীহৎনামা'কার রচিত কাব্য?**
[মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★
ক শাহ মুহম্মদ সগীর খ আবদুল হাকিম
গ আলাওল ঘ সিকানদার আবু জাফর খ

১১. **কবি আবদুল হাকিমে মতে প্রভু কোন ভাষা বুঝতে পারেন?** [বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ] ★★★
ক হিন্দি ভাষা খ ইংরেজী ভাষা
গ আরবি ভাষা ঘ সর্ব ভাষা ঘ

১২. **'যত ইতি বাণী' বলতে কবি আবদুল হাকিম কী বোঝাতে চেয়েছেন?**
ক অন্য একটি ভাষা খ মাতৃভাষা
গ বাংলাভাষা ঘ অন্যান্য যত ভাষা ঘ

১৩. **'বঙ্গাবাণী' কবিতার প্রধান বাহন হলো–** ★★★
ক নিরঞ্জন খ মারফত
গ মাতৃভাষা ঘ আনন্দ গ

১৪. **'বঙ্গাবাণী' কবিতার রচয়িতার নাম কী?** ★★★
ক কাজী নজরুল ইসলাম খ আবদুল হাকিম
গ শাহ মুহম্মদ সগীর ঘ মাইকেল মধূসূদক দত্ত খ

১৫. **'বঙ্গাবাণী' কবিতাটি কোন গ্রন্থ থেকে সংকলন করা হয়েছে?** ★★
ক নসীহৎনামা খ নূরনামা
গ সেকান্দারনামা ঘ পদ্মাবতী খ

১৬. **বাংলায় জন্মগ্রহণ কারে যারা বাংলা ভাষাকে অবজ্ঞা করে কবি আবদুল হাকিম তাদের কী নিয়ে সন্দেহ প্রকাশ করেছেন?** ★★★

PATHIB BOOKS

ক বংশ পরিচয় খ জন্মপরিচয়
গ বংশ ও আভিজাত্য ঘ আভিজাত্য ও পরিচয় **খ**

**১৭. 'বঙ্গবাণী' কবিতার প্রতিপাদ্য বিষয় কী? ★★**

ক সাধারণ মানুষের প্রতি ভালোবাসা
খ আরবি–ফারসি ভাষার প্রতি অনুরাগ
গ স্বদেশের ঐতিহ্যের প্রতি আকর্ষণ
ঘ স্বদেশ ও স্বভাষার প্রতি অনুরাগ **ঘ**

**১৮. 'ছিফত' শব্দের অর্থ কী? ★★★**

ক নসিহত খ গুণ
গ দোষ ঘ বৈশিষ্ট্য **খ**

**১৯. সমাসবদ্ধ পদ হিসেবে নিচের কোনটিকে সমর্থন করা যায়? ★★★**

ক উপদেশ খ নির্ণয়
গ হাবিলাষ ঘ বঙ্গাবাণী **ঘ**

**২০. 'মারফত' শব্দটির অর্থ কী? ★★★**

ক মরমি সাধনা খ বলিষ্ঠ কণ্ঠ
গ সরল পথ ঘ সংকীর্ণচেতা **ক**

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** উদ্দীপক-১: মোদের দেশের সরল মানুষ
কামার কুমার জেলে চাষা
তাদের তরে সহজ হবে
মোদের বাংলা ভাষা।
যাঁরা আছেন সামনে আজও
জ্ঞানী, গুণী মনীষীরা
মোদের দেশের সব মানুষের
এই বেদন বুঝুন তাঁরা।
উদ্দীপক-২: বিদেশ হতে বিজাতীয়
নানান ভাষার ছড়াছড়ি
আর কত কাল দেশের মানুষ
থাকবে বলো সহ্য করি। [ঢাকা বোর্ড ২০১৯] ★★★

PARTHIB BOOKS

ক. কবি কাদের জন্মপরিচয় সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন?

খ. 'দেশী ভাষা উপদেশ মনে হিত অতি'— কথাটির দ্বারা কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপক-১-এ 'বঙ্গবাণী' কবিতার কোন ভাবটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো।

ঘ. যেন 'বঙ্গবাণী' কবিতার কবির মনোভাবের বহিঃপ্রকাশ"— মন্তব্যটি বিশ্লেষণ করো।

**প্রশ্ন ২** ৮ম শ্রেণি পাশ করে মাসুদ শহরে লেখাপড়া করতে গ্রাম ছাড়ে। লেখাপড়া শেষে সেখানেই চাকরি করে কর্মজীবন শুরু করে। দীর্ঘ ৪০ বছর পর গ্রামে ফিরলে অনেক লোকে তাকে দেখতে আসে। বাল্যবন্ধু করিমকে দেখে সে জোরে ডাক দেয়, 'ওরে করিম এদিকে আয়, তোরে দেখে পরাণডা জুড়াই।' এ কথা শুনে তার চাচা বলেন, 'এখনো গ্রাম্য ভাষা তোর মনে আছে?' মাসুদ বলে, 'চাচা, এই ভাষাতো আমার রক্ত-মাংসে মিশে আছে।' [সিলেট বোর্ড ২০২২] ★★★

ক. কোন ভাষা বুঝতে পারেন?

খ. 'দেশী ভাষা উপদেশ মনে হিত অতি' বলতে কী বোঝানো হয়েছে?

গ. 'বঙ্গবাণী' কবিতায় উদ্দীপকের যে ভাবটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের চেয়ে 'বঙ্গবাণী' কবিতার ভাবার্থ অধিকতর ব্যাপক —উক্তিটি মূল্যায়ন করো।

**প্রশ্ন ৩** হাসান সাহেব ছেলেকে ইংরেজি মাধ্যম স্কুলে ভর্তি করিয়ে গৌরবের শেষ নেই। কারণ, তিনি মনে করেন, ভাষিক যোগাযোগের ক্ষেত্রে? ইংরেজি ভাষা অধিক কার্যকর। অন্যদিকে জামান সাহেব ছেলেকে বাংলা মাধ্যমে পড়াচ্ছেন। তিনি ড. মুহম্মদ শহীদুল্লাহ্র যে কথাটিতে অনুপ্রাণিত হন তা হলো "মাতা, মাতৃভাষা ও মাতৃভূমির প্রতি যারা অনুরাগহীন তারা পশুবিশেষ।" [দিনাজপুর বোর্ড ২০২৩]

ক. কোন শাস্ত্রে কবির কোনো রাগ নেই?

খ. দেশি ভাষা বুঝিতে ললাটে পুরে ভাগ - বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপকের হাসান সাহেবের মানসিকতায় 'বঙ্গবাণী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের জামান সাহেবের অনুপ্রাণিত হওয়ার বিষয়টি কবি আবদুল হাকিমের চিন্তাধারারই বহিঃপ্রকাশ" – বিশ্লেষণ করো।

**প্রশ্ন ৪** সাইমন মাতৃভাষা বাংলার প্রতি অনুরক্ত। এ ভাষা নিয়ে তার গর্বের অন্ত নেই। কিন্তু তারই সহপাঠী সিয়াম ইংরেজিকে অধিক গুরুত্ব দেয়। তার মতে

PERTIUB BOOKS

ইংরেজি ভাষা ও সাহিত্যের জুড়ি মেলা ভার। বাংলা নিয়ে তার কোনো আগ্রহ নেই। [চট্টগ্রাম বোর্ড ২০২৩]

ক. 'বঙ্গবাণী' কবিতাটি কোন শতকে রচিত?

খ. "যে সবে বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী"— বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপকের সিয়ামের মধ্যে 'বঙ্গবাণী' কবিতায় প্রকাশিত দিকটি ব্যাখ্যা করো।

ঘ. "সাইমনের মানসিকতায় 'বঙ্গবাণী' কবিতার কবির সুর ধ্বনিত হয়েছে" – বিশ্লেষণ করো।

**প্রশ্ন ৫** অ্যানুয়ালের রেজাল্ট হাতে বাড়ি ফিরল ছেলে, মা বললেন- কোন পেপারে কত নম্বর পেলে?

হিস্ট্রিতে মম, এইটটি ফোর, ম্যাসে নাইন জিরো,
মা বললেন— ফ্যান্টাস্টিক, জাস্ট লাইক এ হিরো।
জিওগ্রাফির পেপারে তো হান্ড্রেটে হান্ড্রেট,
ডুবিয়ে দিলো বেঙ্গলিটা ভেরি পুয়োর গ্রেড।
ছেলের মাথায় হাত রেখে মা ঠোঁট বেঁকিয়ে বলেন-
নেভার মাইন্ড বেঙ্গলিটা না শিখলেও চলে।
বাবা বললেন বেশ বলেছ বঙ্গমাতার কন্যে,
বাংলা-টাংলা আমার মতো অশিক্ষিতের জন্যে।
বিদ্যাসাগর রবীন্দ্রনাথ নেহাৎ ছিলেন বোকা,
না হলে কেউ শখ করে হয় বাংলা বইয়ের পোকা?
মা বললেন—চুপ করোতো, ওর ফন্টটা কীসে?
স্কুলে কেন বেঙ্গলিটা পড়ায় না ইংলিশে? [রাজশাহী বোর্ড ২০২২] ★★★

ক. আরবি-ফারসি শাস্ত্রে কবি আবদুল হাকিমের কী নেই?

খ. সর্ববাক্য বুঝে প্রভু কিবা হিন্দুয়ানী' – বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের মায়ের বক্তব্যে 'বঙ্গবাণী' কবিতার যে বিশেষ দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের বাবাকে কি কবি আবদুল হাকিমের প্রতিরূপ বলা যায়? তোমার মতের পক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ৬** মুকুল সাহেব তার একমাত্র ছেলেকে ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ান। তিনি বলেন, আমার ছেলে বাংলা বলতেই পারে না। অপরদিকে রাজু সাহেব বলেন,

PARTHS BOOKS

'আমার ছেলেকে প্রথমেই বাংলা শেখাব, তারপর অন্যান্য; কেননা মাতৃভাষা ও এর ব্যবহার ছাড়া কোনো জাতি প্রকৃত মর্যাদা ও উন্নতি লাভ করতে পারে না। [চট্টগ্রাম বোর্ড ২০২০] ★★★

ক. 'বঙ্গবাণী' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

খ. "সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি" – বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের মুকুল সাহেব 'বঙ্গবাণী' কবিতার কোন দিকটির প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের রাজু সাহেবের উক্তিটি 'বঙ্গবাণী' কবিতার কবির মনোভাবের ধারক"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো।

## জ্ঞানমূলক

প্রশ্ন-১. 'বঙ্গবাণী' কবিতাটি কোন শতকে রচিত হয়? [চ. বো. ২৩, বিদ্যাময়ী গভঃ গার্লস হাই স্কুল, ময়মনসিংহ] ★★★

উত্তর: 'বঙ্গবাণী' কবিতাটি সপ্তদশ শতকে রচিত হয়।

প্রশ্ন-২. কোন শাস্ত্রে কবির কোনো রাগ নেই? [দি. বো. ২৩] ★★★

উত্তর: আরবি-ফারসি শাস্ত্রে কবির কোনো রাগ নেই।

প্রশ্ন-৩. কারা হিন্দুর অক্ষরকে হিংসা করে? [য. বো. ১৯] ★★★

উত্তর: মারফতভেদে যারা গমন করে না তারা হিন্দুর অক্ষরকে হিংসা করে।

প্রশ্ন-৪. 'হিন্দুর অক্ষর' বলতে কোন ভাষাকে বোঝানো হয়েছে? ★★★

উত্তর: 'হিন্দুর অক্ষর' বলতে বাংলা ভাষাকে বোঝানো হয়েছে।

প্রশ্ন-৫. কবি কাদের জন্মপরিচয় সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন? [ঢা. বো. ১৯]

উত্তর: মাতৃভাষা বাংলার প্রতি বিদ্বেষ পোষণকারী হীন প্রবৃত্তির লোকদের জন্মপরিচয় নিয়ে কবি সন্দেহ প্রকাশ করেছেন।

প্রশ্ন-৬. 'হাবিলাষ' শব্দের অর্থ কী? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

উত্তর: 'হাবিলাষ' অর্থ অভিলাষ বা প্রবল ইচ্ছা।

প্রশ্ন-৭. কবি 'নিরঞ্জন' শব্দটি কোন অর্থে ব্যবহার করেছেন? ★★★

উত্তর: কবি 'নিরঞ্জন' শব্দটি সৃষ্টিকর্তাকে বোঝাতে ব্যবহার করেছেন।

প্রশ্ন-৮. 'জুয়ায়' শব্দের অর্থ কী? [রা. বো. ১৯] ★★★

উত্তর: 'জুয়ায়' শব্দের অর্থ জোগায়।

প্রশ্ন-৯. বঙ্গবাণী কবিতায় কবি আবদুল হাকিমের মতে, সর্ববাক্য বুঝতে পারেন কে? [য. বো. ১৯] ★★★

উত্তর: 'বঙ্গবাণী' কবিতায় কবি আবদুল হাকিমের মতে, সর্ববাক্য বুঝতে পারেন স্রষ্টা।

প্রশ্ন-১০. 'বঙ্গবাণী' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? [চ. বো. ২০; ঢাকা রেসিডেনসিয়াল মডেল] ★★★

উত্তর: 'বঙ্গবাণী' কবিতাটি 'নূরনামা' কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে।

প্রশ্ন-১১. কবি কাদের জন্মপরিচয় নিয়ে সন্দিহান? ★★★

উত্তর: যারা বাংলাদেশে জন্মে বাংলা ভাষাকে হিংসা করে তাদের জন্মপরিচয় নিয়ে কবি সন্দিহান।

প্রশ্ন-১২. মাতৃভাষা কী? ★★★

উত্তর: শিশু প্রথম মায়ের মুখ থেকে যে ভাষায় কথা বলতে শেখে তা-ই তার মাতৃভাষা।

প্রশ্ন-১৩. প্রভু কোন বাক্য বুঝেন? ★★★

উত্তর: প্রভু সব দেশের সব বাক্য বুঝেন।

প্রশ্ন-১৪. 'হিংসে' শব্দটির অর্থ কী? ★★★

উত্তর: 'হিংসে' শব্দটির অর্থ বিদ্বেষ পোষণ।

প্রশ্ন-১৫. সৃষ্টিকর্তা কোন কোন ভাষা বুঝতে পারেন? ★★★

উত্তর : সৃষ্টিকর্তা পৃথিবীর সব ভাষাই বুঝতে পারেন।

## অনুধাবনমূলক

১. "সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি"– বলতে কী বোঝানো হয়েছে? [চট্টগ্রাম বোর্ড ২০২০] ★★★

২. সর্ববাক্য বুঝে প্রভু কিবা হিন্দুয়ানী– বলতে কী বোঝানো হয়েছে? [রাজশাহী বোর্ড ২০২২] ★★★

৩. "যে সবে বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী"— বুঝিয়ে লেখো। [চট্টগ্রাম বোর্ড ২০২৩]

৪. দেশি ভাষা বুঝিতে ললাটে পুরে ভাগ - বুঝিয়ে লেখো। [দিনাজপুর বোর্ড ২০২৩]

৫. 'দেশী ভাষা উপদেশ মনে হিত অতি'— কথাটির দ্বারা কী বোঝানো হয়েছে? [ঢাকা বোর্ড ২০১৯, সিলেট বোর্ড ২০২২] ★★★

PARTHIB BOOKS

# কপোতাক্ষ নদ

## মাইকেল মধুসূদন দত্ত

### সৃজনশীল বহুনির্বাচনি

১. **কোনটি মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি?** [সিলেট বোর্ড ২০২৩; দিনাজপুর বোর্ড ২০১৭] ★★★
ক দিবারাত্রির কাব্য খ মেঘনাদবধ কাব্য
গ দুঃখী জননীর কাব্য ঘ ত্রয়োদশপদী কাব্য
খ

২. **বাংলা কাব্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?** [বরিশাল বোর্ড ২০২৩] ★★★
ক মাইকেল মধুসূদন দত্ত খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ জীবনানন্দ দাশ ঘ ভারতচন্দ্র রায়গুণাকর
ক

৩. **কোনটি সার্থক মহাকাব্য?** [দিনাজপুর বোর্ড ২০১৫] ★★
ক দিবারাত্রির কাব্য খ মেঘনাদবধ কাব্য
গ দুঃখী জননীর কাব্য ঘ ত্রয়োদশপদী কাব্য
খ

৪. **কোনটি মাইকেল মধুসূদন দত্তের লেখা প্রহসন?** [চট্টগ্রাম বোর্ড ২০২৩] ★★
ক তিলোত্তমাসম্ভব কাব্য খ একেই কি বলে সভ্যতা
গ কৃষ্ণকুমারী ঘ শর্মিষ্ঠা
খ

৫. **বাংলা কাব্যে 'সনেট' প্রবর্তন করেন কে?** [বরিশাল বোর্ড ২০২৩] ★★★
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ জীবনানন্দ দাশ
গ মাইকেল মধুসূদন দত্ত ঘ সত্যেন্দ্রনাথ দত্ত
গ

৬. **'কপোতাক্ষ নদ' কবিতাটির রচয়িতা কে?** [ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
গ মাইকেল মধুসূদন দত্ত ঘ জীবনানন্দ দাশ
গ

৭. **মাইকেল মধুসূদন দত্তের জন্মতারিখ কোনটি?** ★★
ক ২২শে মার্চ ১৮১৯ খ ২৫শে জানুয়ারি ১৮২৪
গ ২৬শে জুন ১৮৪২ ঘ ২৮শে নভেম্বর ১৮৪৪
খ

৮. **মাইকেল মধুসূদন দত্ত কোন জেলায় জন্মগ্রহণ করেন?** [রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ক পাবনা খ বরিশাল
গ রাজশাহী ঘ যশোর
ঘ

PARTHIB BOOKS

৯. **মাইকেল মধুসূদন দত্তের গ্রামের নাম কী?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★

ক নিমতা খ পেঁড়ো
গ কাঞ্চনপুর ঘ সাগরদাঁড়ি **ঘ**

১০. **স্কুলজীবন শেষে মাইকেল মধুসূদন দত্ত কোথায় ভর্তি হন?**

ক প্রেসিডেন্সি কলেজে খ সংস্কৃত কলেজে
গ হিন্দু কলেজে ঘ কলকাতা কলেজে **গ**

১১. **হিন্দু কলেজে অধ্যয়নকালে কোন বিষয়ের প্রতি মাইকেল মধুসূদন দত্তের তীব্র আবেগ জন্ম নেয়?** [খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ক বাংলা সাহিত্য খ ইংরেজি সাহিত্য
গ সংস্কৃত সাহিত্য ঘ ফরাসি সাহিত্য **খ**

১২. **মাইকেল মধুসূদন দত্ত কত সালে খ্রিষ্টধর্মে দীক্ষিত হন?** [বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ] ★★★

ক ১৮২৪ খ ১৮৩২
গ ১৮৪২ ঘ ১৮৪৮ **গ**

১৩. **'কপোতক্ষ নদ' কী ধরনের কবিতা?** ★★★

ক মহাকাব্য খ চতুর্দশপদী
গ রম্য ঘ গদ্যধর্মী **খ**

১৪. **আঙ্গিক বিবেচনায় 'কপোতাক্ষ নদ'– কে কী বলা যায়?** ★★★

ক Tragedy খ Sonnet
গ Force ঘ Epic **ক**

১৫. **'কপোতাক্ষ নদ' কবিতার প্রথম আট চরণের অন্ত্যমিল কীরূপ?** ★★★

ক কখখক কখখক খ কখকখ কখখক
গ কখখগ কখখগ ঘ কখগক কখগক **খ**

১৬. **'কপোতাক্ষ নদ' কবিতার ষষ্টকের অন্ত্যমিল কীরূপ?** ★★★

ক ঘঙচ ঘঙচ খ ঘঙ ঘঙ চচ
গ গঘগঘগঘ ঘ গঘঙ গঘঙ **গ**

১৭. **'কপোতাক্ষ নদ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?** ★★★

ক শর্মিষ্ঠা খ বীরাঙ্গনা কাব্য
গ চতুর্দশপদী কবিতাবলি ঘ ব্রজাঙ্গনা কাব্য **গ**

১৮. **'কপোতাক্ষ নদ' কবিতায় কবির কী প্রকাশিত হয়েছে?** ★★★

ক প্রকৃতিপ্রেম খ স্মৃতিকাতরতা
গ উদাসীনতা ঘ ভ্রমণপ্রিয়তা **খ**

PARTHIB BOOKS

**১৯. কখন মধুসূদন দত্তের নামের আগে মাইকেল যুক্ত হয়?** ★★

ⓚ খ্রিষ্ট ধর্ম গ্রহণের পর

ⓚ ফ্রান্সে যাওয়ার পর

ⓖ ইংরেজি কবিতা লেখার পর

ⓖ ইংরেজ নারীকে বিয়ের পর — ক

**২০. পাশ্চাত্যের জীবনযাপনের প্রতি তীব্র আকাঙ্ক্ষা মাইকেল মধুসূদন দত্তকে কোন ভাষায় সাহিত্য রচনায় উদ্বুদ্ধ করে?** ★★★

ক) ইংরেজি ভাষায় খ) ফরাসি ভাষায়

গ) পর্তুগিজ ভাষায় ঘ) গ্রিক ভাষায় — ক

**২১. কোন ভাষায় কাব্য রচনার মধ্য দিয়ে মাইকেল মধুসূদন দত্তের প্রতিভার যথার্থ বিকাশ ঘটে?** [খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ক) ইংরেজি খ) বাংলা

গ) সংস্কৃত ঘ) ফরাসি — খ

**২২. 'কৃষ্ণকুমারী' মাইকেল মধুসূদন দত্তের কী ধরনের রচনা?** [ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ক) কাব্য খ) উপন্যাস

গ) প্রহসন ঘ) নাটক — ঘ

**২৩. মাইকেল মধুসূদন দত্ত রচিত নাটক কোনটি?** [বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ] ★★★

ক) ব্রজাঙ্গনা খ) পদ্মাবতী

গ) বুড় সালিকের ঘাড়ে রোঁ ঘ) তিলোত্তমাসম্ভব — খ

**২৪. মাইকেল মধুসূদন দত্ত কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন?** ★★

ক) ১৮৪৩ খ্রিষ্টাব্দে খ) ১৮৫৩ খ্রিষ্টাব্দে

গ) ১৮৬৩ খ্রিষ্টাব্দে ঘ) ১৮৭৩ খ্রিষ্টাব্দে — ঘ

**২৫. মাইকেল মধুসূদন দত্তের সর্বদা কার কথা মনে পড়ে?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★

ক) মায়ের কথা খ) কপোতাক্ষ নদের কথা

গ) সন্তানের কথা ঘ) পিতার কথা — খ

**২৬. মাইকেল মধুসূদন দত্ত সর্বদা কিসের কলকল ধ্বনি শুনতে পান?** ★★

ক) স্বদেশের নদের স্রোতধারার

খ) স্বদেশের দিঘির স্রোতধারার

গ) বিদেশের নদীর স্রোতধারার

ঘ) বিদেশের সমুদ্রের স্রোতধারার — ক

PARTHIB BOOKS

**২৭. 'কপোতাক্ষ নদ' কবিতায় কপোতাক্ষকে কী বলা হয়েছে? ★★★**

ক) গরল স্রোতোরূপী খ) অমৃত স্রোতোরূপী
গ) দুগ্ধ স্রোতোরূপী ঘ) মধুস্রোতোরূপী **গ**

**২৮. কোনটি মধুসূদন দত্ত ভ্রান্তির ছলনে শোনেন? ★★★**

ক) ছুটে যাওয়া ট্রেনের ধ্বনি
খ) কপোতাক্ষের স্রোতধ্বনি
গ) শিশুদের আনন্দধ্বনি ঘ) ঢোলের বাদ্যধ্বনি **খ**

**২৯. কপোতাক্ষ নদ মধুসূদন দত্তের কী মেটায়? ★★★**

ক) অর্থের চাহিদা খ) জলের তৃষ্ণা
গ) পুষ্টির চাহিদা ঘ) স্নেহের তৃষ্ণা **ঘ**

**৩০. কপোতাক্ষের কলকল শব্দ কিসের মতো? ★★★**

ক) নিশার স্বপনের মতো খ) মায়া–মন্ত্রধ্বনির মতো
গ) অমিত্রাক্ষর ছন্দের মতো ঘ) ভ্রান্তির ছলনের মতো **খ**

**৩১. 'কপোতাক্ষ নদ' কবিতায় 'প্রজা' বলা হয়েছে কাকে? ★★★**

ক) কবিকে খ) সাগরকে
গ) বাংলার মানুষকে ঘ) কপোতাক্ষ নদকে **ঘ**

**৩২. 'কপোতাক্ষ নদ' কবিতায় কপোতাক্ষ নদ প্রজারূপে কাকে বারিরূপ কর দিতে যায়? ★★★**

ক) কবিকে খ) বাংলার মানুষকে
গ) সাগরকে ঘ) হ্রদকে **গ**

**৩৩. কপোতাক্ষ নদ সাগরকে কর হিসেবে কী দেয়? ★★★**

ক) জল খ) দুগ্ধ
গ) মধু ঘ) গরল **ক**

**৩৪. 'কপোতাক্ষ নদ' কবিতায় কবির কেমন মনোভাব প্রকাশিত হয়েছে?**

ক) হতাশার মনোভাব খ) স্বদেশপ্রেমের অনুভূতি
গ) তীব্র অভিমান ঘ) প্রবল প্রতিবাদ **খ**

**৩৫. কপোতাক্ষ নদের কাছে মধুসূদন দত্তের মিনতি কী? ★★★**

ক) তাঁকে যেন মনে রাখে খ) সাগরে যেন না মেশে
গ) তাঁকে যেন ভুলে যায় ঘ) স্বপ্নে যেন দেখা দেয় **ক**

**৩৬. 'কপোতাক্ষ নদ' কবিতায় কবির সংশয় প্রকাশিত হয়েছে কোন বিষয়ে?**

ক) বেঁচে থাকার বিষয়ে খ) সাহিত্যচর্চার বিষয়ে
গ) স্বদেশে ফেরার বিষয়ে ঘ) দেশপ্রেমের বিষয়ে **গ**

PATHIB BOOKS

৩৭. **মধুসূদন দত্ত বঙ্গের সংগীতে কার নাম স্মরণ করেন?** ★★★

ক সাগরদাঁড়ির নাম খ মায়ের নাম
গ কপোতাক্ষ নদের নাম ঘ গুরুর নাম — **গ**

৩৮. **মধুসূদন দত্ত কপোতাক্ষ নদের নাম কেমন করে স্মরণ করেন?** ★★

ক গভীর আবেগময়তায় খ প্রবল বিতৃষ্ণায়
গ ভ্রান্তির ছলনায় ঘ প্রচণ্ড উদাসীনতায় — **ক**

৩৯. **মধুসূদন দত্ত মাতৃদুগ্ধের সাথে কোনটিকে তুলনা করেছেন?** ★★

ক প্রবাসজীবনকে খ কপোতাক্ষের জলকে
গ স্বদেশের স্মৃতিকে ঘ নিশার স্বপনকে — **খ**

৪০. **'সতত' শব্দের অর্থ কী?** ★★★

ক নিষ্ঠার সাথে খ সর্বদা
গ সত্যবাদিতা ঘ সুন্দরের ভাব — **খ**

৪১. **'একান্ত নিরিবিলিতে' বোঝাতে 'কপোতাক্ষ নদ' কবিতায় কোন শব্দটি ব্যবহৃত হয়েছে?** ★★★

ক সতত খ বিরলে
গ সখে ঘ বঙ্গজ — **খ**

৪২. **মধুসূদন দত্তের চোখে সাগর ও কপোতাক্ষ নদের মধ্যকার সম্পর্ক কীরূপ?**

ক রাজা–প্রজা খ ভাই–বোন
গ মা–সন্তান ঘ স্বামী–স্ত্রী — **ক**

৪৩. **মধুসূদন দত্ত একান্ত নিরিবিলিতে কার কথা স্মরণ করেন?** ★★★

ক মৃত স্ত্রীর কথা খ সাগরদাঁড়ির কথা
গ কপোতাক্ষ নদের কথা ঘ ভার্সাই নগরীর কথা — **গ**

৪৪. **মধুসূদন দত্ত কীভাবে তাঁর কান জুড়ান?** ★★★

ক কপোতাক্ষ নদের স্রোতধ্বনি কল্পনা করে
খ কপোতাক্ষ নদের গান শুনে
গ বিভিন্ন নদ–নদীর স্রোতধ্বনি শুনে
ঘ নিজের রচিত গান অন্যের কণ্ঠে শুনে — **ক**

৪৫. **মধুসূদন দত্ত কপোতাক্ষ নদকে তাঁর কথা কাদের কাছে পৌঁছে দিতে বলেছেন?**

ক তাঁর পরিজনদের কাছে
খ বঙ্গজ জনদের কাছে
গ প্রবাসী বন্ধুদের কাছে
ঘ রাজরূপ সাগরের কাছে — **খ**

PARTHIB BOOKS

**৪৬. মধুসূদন দত্ত কোন ভাষায় কপোতাক্ষ নদের বন্দনা করেন?** ★★★

ⓚ বাংলা ভাষায় ⓦ ইংরেজি ভাষায়

ⓖ সংস্কৃত ভাষায় ⓖ ফরাসি ভাষায় **ক**

**৪৭. 'Sonnet' অর্থ কী?** ★★★

ⓚ অমিত্রাক্ষর ছন্দ ⓦ গদ্যছন্দ

ⓖ চতুর্দশপদী কবিতা ⓖ মহাকাব্য **গ**

**৪৮. 'Sonnet'–কয়টি চরণের সমন্বয়ে রচিত হয়?** ★★★

ⓚ ছয়টি ⓦ আটটি

ⓖ দশটি ⓖ চৌদ্দটি **ঘ**

**৪৯. চতুদর্শপদী কবিতার প্রথম আট চরণকে কী বলে?** ★★★

ⓚ Octave ⓦ Octacore

ⓖ Octa ⓖ Octit **ক**

**৫০. 'Sestet'–এ কয় চরণের একটি স্তবক থাকে?** ★★★

ⓚ চার ⓦ ছয়

ⓖ আট ⓖ দশ **খ**

**৫১. চতুর্দশপদী কবিতার অষ্টকে কী থাকে?** ★★★

ⓚ ভাবের পরিণতি ⓦ ভাবের প্রবর্তনা

ⓖ ভাবের সংগতি ⓖ ভাবের অসংগতি **খ**

**৫২. চতুর্দশপদী কবিতার ষষ্টকে কী থাকে?** ★★★

ⓚ ভাবের প্রবর্তনা ⓦ ভাবের প্রবাহ

ⓖ ভাবের বিস্তার ⓖ ভাবের পরিণতি **ঘ**

**৫৩. 'কপোতাক্ষ নদ' কবিতায় স্মৃতিকাতরতার আবরণে কী লুকিয়ে রয়েছে?**

ⓚ দেশপ্রেম ⓦ প্রকৃতিপ্রেম

ⓖ সাহিত্যপ্রীতি ⓖ মাতৃপ্রেম **ক**

**৫৪. সাগরদাঁড়ি গ্রামটি কোনটির তীরে অবস্থিত?** ★★★

ⓚ ব্রহ্মপুত্র নদ ⓦ কপোতাক্ষ নদ

ⓖ যমুনা নদী ⓖ মধুমতি নদী **খ**

**৫৫. কোন স্মৃতিকে অবলম্বন করে মধুসূদন দত্ত 'কপোতাক্ষ নদ' কবিতাটি রচনা করেছেন?** ★★

ⓚ শৈশব–কৈশোরের স্মৃতি

ⓦ প্রবাসজীবনের স্মৃতি

ⓖ যৌবনের স্মৃতি

ⓖ কারারুদ্ধ জীবনের স্মৃতি **ক**

PARTHIB BOOKS

**৫৬. কপোতাক্ষ নদ মধুসূদন দত্তের কাছে কার মতো?** ★★★

ⓚ মায়ের মতো ⓚ বাবার মতো

ⓖ শিক্ষকের মতো ⓖ রানির মতো **ক**

**৫৭. বাংলা কাব্যে মধুসূদন দত্তের অনন্য অবদান–**

i. অমিত্রাক্ষর ছন্দ ii. গদ্যছন্দ

iii. চতুর্দশপদী কবিতা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

**৫৮. 'কপোতাক্ষ নদ' কবিতায় রয়েছে কবি মনের–** ★★★

i. সংশয়

ii. আক্ষেপ

iii. হতাশা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও।**

আমেরিকার একটি বিশ্ববিদ্যালয় থেকে বৃত্তি পেয়ে সেখানে পড়তে যায় সৌরভ। আমেরিকার জীবনযাপন পদ্ধতিতে মুগ্ধ হয়ে একসময় সেখানেই স্থায়ী আবাস গড়ে সে। মা–বাবার কথা মাঝে মাঝে মনে হলেও দেশে ফেরার কোনো আগ্রহ নেই তার।

**৫৯. 'কপোতাক্ষ নদ' কবিতার কোন মূল বিষয়টি উদ্দীপকে অনুপস্থিত?**

ক স্বদেশপ্রেম খ প্রকৃতিপ্রেম

গ স্মৃতিকাতরতা ঘ মানবিকতা **ক**

**৬০. 'কপোতাক্ষ নদ' কবিতার কবির সাথে সৌরভের মিল–**

i. পাশ্চাত্যের জীবনযাপনের প্রতি আকর্ষণে

ii. প্রবাস জীবনযাপনে

iii. স্মৃতিকাতরতায়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

PERTHIB BOOKS

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** (i) বহুদিন পরে আজি মনে পড়ে পল্লিমায়ের কোল, ঝাউশাখে সেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল।

(ii) ওগো আমার জন্মভূমি, ওগো অপরূপা ফিরে কি আর পাব তোমায়? এ বিদেশে, বিভুঁইয়ে তোমারে স্মরি আনমনে আঁখি মুছি সযতনে তবু আশা পারিনে ছাড়িতে, বেঁধে রেখেছো যে মা, তোমারই স্নেহ ডোরে। [রাজশাহী বোর্ড ২০২০] ★★★

ক. 'কপোতাক্ষ নদ' কবিতার অষ্টকের মিলবিন্যাস কী?

খ. 'প্রজারূপে রাজরূপ সাগরেরে দিতে বারি-রূপ কর তুমি'— এর দ্বারা কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের প্রথমাংশে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের দ্বিতীয়াংশ এবং 'কপোতাক্ষ নদ' কবিতার ঘটকের ভাবধারা একই সূত্রে গাঁথা"—মূল্যায়ন করো।

**প্রশ্ন ২** মিজান সাহেব যে গ্রামে বড়ো হয়েছেন তার পাশে ছোটো একটি নদী ছিল। নদীটির নাম ভৈরব। শৈশবের অনেক স্মৃতি জড়িয়ে আছে এ নদীটির সাথে। কত বছর কেটে গেল নদীটিকে চোখের দেখাও দেখতে পাননি তিনি। কিন্তু শহুরে জীবনের কর্মব্যস্ততার মধ্যেও তার শৈশবের সেই নদীটির স্মৃতি ম্লান হয়ে যায়নি। অবসরে কল্পনার সে নদীর ছবি আঁকেন তিনি। [কুমিল্লা বোর্ড ২০২২] ★★★

ক. 'বিরলে' অর্থ কী?

খ. 'বারি রূপ কর' বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের মিজান সাহেবের অনুভূতিতে 'কপোতাক্ষ নদ' কবিতার যে বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের মিজান সাহেব ও 'কপোতাক্ষ নদ' কবিতার কবির উপলব্ধি একই ধারায় উৎসারিত" – মন্তব্যটি বিশ্লেষণ করো।

**প্রশ্ন ৩** আমাদের দেশের মাটিতে মেশানো আমার প্রাণের ঘ্রাণ গৌরবময় জীবনের সম্মান। প্রাণ-স্পন্দনে লক্ষ তরুর করে জীবন প্রবাহ সঞ্চারি মর্মরে, বক্ষে জাগায়ে আগামী দিনের আশা— আমার দেশের এ মাটি মধুর, মধুর আমার ভাষা। [ঢাকা বোর্ড ২০২৩] ★★★

PARTHIB BOOKS

ক. সনেটের অষ্টকে কী থাকে?

খ. আর কি হে হবে দেখা?' – কবি এরূপ সংশয় প্রকাশ করেছেন কেন?

গ. উদ্দীপক ও 'কপোতাক্ষ নদ' কবিতায় বর্ণিত সাদৃশ্যের দিকটি ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপক ও 'কপোতাক্ষ নদ' কবিতায় বিশেষ দিকের সাদৃশ্য থাকলেও আঙ্গিক ও চেতনাগত পার্থক্য স্পষ্ট।"— মন্তব্যটির যৌক্তিক মূল্যায়ন করো ।

**প্রশ্ন ৪** (i) তোমরা যেখানে সাধ চলে যাও
আমি এই বাংলার পারে র'য়ে যাব;
দেখিব কাঁঠালপাতা ঝরিতেছে ভোরের বাতাসে।
(ii) চ'লে যায় কুশায়ায়, তবু জানি কোনদিন পৃথিবী
ভিড়ে হারাব না তারে আমি সে যে আছে আমার
এ বাংলার তীরে। [কুমিল্লা বোর্ড ২০২৩] ★★★

ক. মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কী?

খ. "কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে" বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপক (i)-এ 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটির প্রতিফলন ঘটেছে? তা ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপক (ii)-এ ফুটে ওঠা দিকটি 'কপোতাক্ষ নদ' কবিতার সম্পূর্ণ ভাবের প্রতিফলন নয়। যুক্তিসহ বিশ্লেষণ করো।

**প্রশ্ন ৫** বহুদিন পরে মনে পড়ে আজি পরিমায়ের কোল;
ঝাউশাখে যেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল;
কুলের কাঁটার আঘাত সহিয়া কাঁচাপাকা কুল খেয়ে
অমৃতের স্বাদ যেন লভিয়াছি গাঁয়ের দুলালী মেয়ে। [যশোর বোর্ড ২০২৩] ★★★

ক. সনেটের ষষ্টকে কী থাকে?

খ. জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে' বলতে কবি কী বুঝিয়েছেন?

গ. উদ্দীপকের সাথে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্য ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপক ও 'কপোতাক্ষ নদ' কবিতার মূলসুর অভিন্ন"— মন্তব্যটি বিশ্লেষণ করো।"

**প্রশ্ন ৬** কামাল বাংলাদেশের একটি ছোট্ট গ্রামে জন্মগ্রহণ করে। এক সময় আমেরিকার ডিভি লটারিতে তার ভাগ্য খুলে যায়। কিন্তু আমেরিকায় গিয়ে বিপুল ঐশ্বর্যের মাঝেও সে নিজ দেশের কথা ভুলতে পারে না। নিজ গ্রামের সেই ছায়া

PARTHIB BOOKS

ঢাকা, পাখি ডাকা নির্মল প্রকৃতি তার মনকে আলোড়িত করে সব সময়। সারাদিন কর্মব্যস্ত থাকলেও প্রতিরাতে কল্পনায় সে যেন ফিরে আসে তার নিজ গ্রামে, ফিরে পায় তার দুরন্ত শৈশব। [বরিশাল বোর্ড ২০২২] ★★★

ক. 'কপোতাক্ষ নদ' কবিতায় অষ্টকের মিলবিন্যাস কী?

খ. 'দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে'— বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকে কামালের অনুভূতিতে 'কপোতাক্ষ নদ' কবিতার যে দিকটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকে প্রতিফলিত অনুভূতির অন্তরালে, যে ভাবটি প্রকাশ পেয়েছে, তা-ই 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাব" – বিশ্লেষণ করো।

**প্রশ্ন ৭** শুভ বাবু প্রায় এক যুগ আগে সরকারি বৃত্তি নিয়ে আমেরিকায় যান। পড়াশোনা শেষে সেখানেই একটি বিশ্ববিদ্যালয়ে চাকরিতে যোগদান করেন। ব্যক্তিজীবনে তিনি প্রচুর বিত্ত-বৈভবের মালিক হয়েছেন। কিন্তু, তারপরও তিনি সুখী নন। বিদেশে থেকেও সেখানকার প্রকৃতি-পরিবেশ, লোকালয় কোনো কিছুই তাকে আকৃষ্ট করতে পারেনি। কাজের অবসরে মনটা শুধু পড়ে থাকে বাংলার সবুজ শ্যামল প্রান্তরে। যেখানে রয়েছে আঁকা-বাঁকা পাহাড়ি পথ, নদী তীরের সূর্যাস্তের দৃশ্য, সবুজ বনানী- কেটেছে তার শৈশব থেকে যৌবনের অফুরান সোনালি দিন। [ময়মনসিংহ বোর্ড ২০২০] ★★★

ক. সনেটের অষ্টকে মূলত কী রয়েছে?

খ. 'আর কি হে হবে দেখা?'— কবির এ সংশয়ের কারণ কী? ব্যাখ্যা করো।

গ. সাদৃশ্যগত দিক হতে শুভ বাবুর উপলব্ধিটি 'কপোতাক্ষ নদ' কবিতার কবির উপলব্ধির সাথে কতটুকু সংগতিপূর্ণ? ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাবের প্রতিফলন ঘটেছে।" - মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো ।

**প্রশ্ন ৮** আবেদীন সাহেব উচ্চ শিক্ষা গ্রহণ করেও স্বদেশে কোনো ভালো চাকরি জোগাড় করতে না পেরে সুদূর আমেরিকায় চলে যান। সেখানে তিনি ভালো বেতনে একটি চাকরি পেলেও কোনোভাবেই মন বসাতে পারছেন না। তাঁর শুধু মনে পড়ে স্বদেশের কথা, দেশের মানুষের কথা এবং দেশের রূপ-বৈচিত্র্যের কথা। [কুমিল্লা বোর্ড ২০২০] ★★★

ক. 'কপোতাক্ষ নদ' কবিতায় কবির স্মৃতিকারতার আবরণে কী প্রকাশিত হয়েছে?

PARTHIB BOOKS

খ. কবি স্বদেশের জন্য হৃদয়ের কাতরতা বঙ্গবাসীর প্রতি কীভাবে প্রকাশ করেছেন?

গ. উদ্দীপকের আবেদীন সাহেবের প্রবাসে মন না বসা 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের ভাবস্তুতে 'কপোতাক্ষ নদ' কবিতার সমগ্র দিক প্রতিফলিত হয়নি"— মন্তব্যটির সত্যতা নির্ণয় করো।

**প্রশ্ন ৯** দৃশ্যকল্প-১: আজও আশা রাখি দেখা হবে বাল্যবন্ধুর
সাথে আবার জমবে আড্ডা মনুমিয়ার চায়ের দোকানে,
বন্ধু তোরা কে কোথায় আছিস?
চল এক হই বীরের বেশে একতার বলে
বিশ্ব করি জয়।

দৃশ্যকল্প-২:
'আমার দেশের মাটির গন্ধে
ভরে আছে এই মন
শ্যামল কোমল পরশ ছাড়া যে
নেই কিছু প্রয়োজন।' [বরিশাল বোর্ড ২০২৩] ★★★

ক. বহু দেশে কবি কী দেখেছেন?

খ. 'লইছে যে নাম তব বঙ্গের সংগীতে'— বলতে কী বোঝানো হয়েছে?

'গ. দৃশ্যকল্প-১ এর ভাবের সঙ্গে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি বিশ্লেষণ করো।

ঘ. দৃশ্যকল্প-২ 'কপোতাক্ষ নদ' কবিতার মূল চেতনাকে ধারণ করেছে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ১০** i. সেই সাতজন নেই আজও টেবিলটা তবু আছে
সাতটা পেয়ালা আজও খালি নেই,
একই সে বাগানে আজ এসেছে নতুন কুঁড়ি,
শুধু সেই সেদিনের মালি নেই।
ii. মিছা মনি মুক্তা হেম, স্বদেশের প্রিয় প্রেম
তার চেয়ে রত্ন নাই আর। [ময়মনসিংহ বোর্ড ২০২২] ★★★

ক. সনেটের ষষ্ঠকে কী থাকে?

খ. কপোতাক্ষ নদকে দুগ্ধ-স্রোতরূপী বলার কারণ ব্যাখ্যা করো।

PARTHIB BOOKS

গ. উদ্দীপকে (i)-এ 'কপোতাক্ষ নদ' কবিতার যে দিকটি ফুটে উঠেছে, তা ব্যাখ্যা করো।

ঘ. 'কপোতাক্ষ নদ' কবিতার করিহৃদয়ের আর্তিই উদ্দীপক (ii)-এ প্রতিধ্বনিত হয়েছে বলে কি তোমার মনে হয়? উত্তরের যথার্থতা বিচার করো।

## জ্ঞানমূলক

প্রশ্ন-১. সনেটের ষষ্ঠকে কী থাকে? [য. বো. ২৩, ম. বো. ২২] ★★★

উত্তর: সনেটের ষষ্ঠকে ভাবের পরিণতি থাকে।

প্রশ্ন-২. বহু দেশে কৰি কী দেখেছেন? ★★★

উত্তর: বহু দেশে কৰি বহু নদনদী দেখেছেন।

প্রশ্ন-৩. সনেটের অষ্টকে কী থাকে? [সি. বো. ১৯] ★★★

উত্তর: সনেটের অষ্টকে থাকে ভাবের প্রবর্তনা।

প্রশ্ন-৪. মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কোনটি? [কু. বো. ২৩, য. বো. ১৬, চ. বো. ১৫] ★★★

উত্তর: মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি 'মেঘনাদ বধ কাব্য'।

প্রশ্ন-৫. মাইকেল মধুসূদন দত্ত রচিত পত্রকাব্যের নাম কী? ★★★

উত্তর: মাইকেল মধুসূদন দত্ত রচিত পত্রকাব্যের নাম 'বীরাঙ্গনা কাব্য।'

প্রশ্ন-৬. মাইকেল মধুসূদন দত্ত কয়টি প্রহসন রচনা করেছেন? ★★★

উত্তর: মাইকেল মধুসূদন দত্ত দুইটি প্রহসন রচনা করেছেন।

প্রশ্ন-৭. বাংলা সাহিত্যে সনেটের প্রবর্তন করেন কে? ★★★

উত্তর: বাংলা সাহিত্যে সনেটের প্রবর্তন করেন মাইকেল মধুসুদন দত্ত।

প্রশ্ন-৮. মাইকেল মধুসূদন দত্ত কত সালে পরলোকগমন করেন? ★★★

উত্তর: মাইকেল মধুসূদন দত্ত ১৮৭৩ সালে পরলোকগমন করেন।

প্রশ্ন-৯. মাইকেল মধুসূদন দত্ত খ্রিস্টধর্মে দীক্ষিত হন কত সালে? [য. বো. ১৬] ★

উত্তর: মাইকেল মধুসূদন দত্ত খ্রিষ্টধর্মে দীক্ষিত হন ১৮৪৩ সালে।

প্রশ্ন-১০. কিন্তু এ চোখের তৃষ্ণা মিটে কার জলে। এর পরের পদ্ধতি কী? ★★★

উত্তর: 'কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?- এর পরের পংক্তি হলো- 'দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে'।

PERTHIB BOOKS

প্রশ্ন-১১. 'বিরলে' শব্দের অর্থ কী? [কু. বো. ২২] ★★★

উত্তর: 'বিরলে' শব্দের অর্থ একান্ত নিরিবিলিতে।

প্রশ্ন-১২. সনেট কাকে বলে? ★★★

উত্তর: চৌদ্দ-চরণ-সমন্বিত, ভাবসংহত সুনির্দিষ্ট গীতিকবিতাকে সনেট বলা হয়।

প্রশ্ন-১৩. কত খ্রিস্টাব্দে মধুসূদন দত্তের নামের প্রথমে 'মাইকেল' শব্দটি যুক্ত হয়?

উত্তর: ১৮৪৩ খ্রিস্টাব্দে মধুসূদন দত্তের নামের প্রথমে 'মাইকেল' শব্দটি যুক্ত হয়।

প্রশ্ন-১৪. 'কপোতাক্ষ নদ' কবিতাটি কোন ছন্দে লেখা? ★★★

উত্তর: 'কপোতাক্ষ নদ' কবিতাটি অক্ষরবৃত্ত ছন্দে লেখা।

## অনুধাবনমূলক

১. কপোতাক্ষ নদকে দুগ্ধ-স্রোতরূপী বলার কারণ ব্যাখ্যা করো। [ময়মনসিংহ বোর্ড ২০২২] ★★★

২. 'লইছে যে নাম তব বঙ্গের সংগীতে'— বলতে কী বোঝানো হয়েছে? [বরিশাল বোর্ড ২০২৩] ★★★

৩. কবি স্বদেশের জন্য হৃদয়ের কাতরতা বঙ্গবাসীর প্রতি কীভাবে প্রকাশ করেছেন? [কুমিল্লা বোর্ড ২০২০] ★★★

৪. 'দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে' বলতে কী বোঝানো হয়েছে? [বরিশাল বোর্ড ২০২২] ★★★

৫. জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে বলতে কবি কী বুঝিয়েছেন? [যশোর বোর্ড ২০২৩] ★★★

৬. "কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে" বলতে কী বোঝানো হয়েছে? [কুমিল্লা বোর্ড ২০২৩] ★★★

৭. আর কি হে হবে দেখা? কবি এরূপ সংশয় প্রকাশ করেছেন কেন? [ঢাকা বোর্ড ২০২৩, ময়মনসিংহ বোর্ড ২০২০] ★★★

৮. 'বারি রূপ কর' বলতে কী বোঝানো হয়েছে? [কুমিল্লা বোর্ড ২০২২]

